১৩. সাইক্লোন, সুনামি, বজ্রপাত	-	-	-	-	-	-	-
১৪. রোগের কারণ ও প্রতিকার, সংক্রামক রোগ, এইচআইভি, এইডস, টিবি, পোলিও	-	-	-	-	-	-	-
১৫. জোয়ার-ভাটা	-	-	-	-	-	-	-
১৬. ট্রানজিস্টর, আইসি	-	-	-	-	-	-	-
১৭. বিজ্ঞানের বিখ্যাত ব্যক্তি ও আবিষ্কার	-	-	-	-	-	-	-
১৮. বিজ্ঞানের বিভিন্ন বিষয় সম্পর্কে বিদ্যা	-	-	-	-	-	-	-
১৯. উদ্ভিদ বিজ্ঞান সালোকসংশ্লেষণ	১	-	-	-	-	-	১
২০. মৌলিক পদার্থ, কাঁচামাল, চৌম্বক পদার্থ	-	-	-	-	-	-	-
২১. এসিড-ক্ষারক	-	-	-	-	১	-	-

CS CamScanner

কম্পিউটার ও তথ্য প্রযুক্তি

পূর্ণমান ঃ ২

টপিকের নাম	২০২০			২০১৯			
	ধাপভিত্তিক			ধাপভিত্তিক			
	১ম ধাপ	২য় ধাপ	৩য় ধাপ	১ম ধাপ	২য় ধাপ	৩য় ধাপ	৪র্থ ধাপ
১. কম্পিউটার পরিচিতি ও প্রকারভেদ	-	-	-	-	-	-	-
২. কম্পিউটারের ইতিহাস	-	-	-	-	-	-	-
৩. কম্পিউটার, পেরিফেরালস : কী বোর্ড, মাউস, ওসিআর ইত্যাদি	-	-	-	-	-	-	-
৪. অঙ্গসংগঠন: সিপিইউ, এএলইউ, হার্ডডিস্ক, ইনপুট, আউটপুট ইত্যাদি	-	১	১	১	-	-	-
৫. ২জি, ৩জি, ৪জি, জি	-	-	-	-	-	-	-
৬. ন্যান, ম্যান, ওয়াই-ফাই, ওয়াইম্যাক্স	-	-	-	-	-	-	-
৭. ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব, ইন্টারনেট	-	১	-	-	-	-	-
৮. গুগল, মাইক্রোসফট, আইবিএম, ইয়াহু, অ্যাপল	-	-	-	-	-	-	-
৯. সফটওয়্যার	-	-	-	-	-	-	-
১০. ভাইরাস, ফায়ারওয়াল	-	-	-	-	-	-	-
১১. মেইল, ফ্যাক্স	-	১	-	-	-	-	-
১২. ফেসবুক, টুইটার, ইন্সটাগ্রাম, গুগল+ ইউটিউব	-	-	-	-	-	১	-
১৩. এব্রিভিয়েশন	-	১	১	-	-	-	-

বিসিএস ক্যাডার চয়েস

বাংলাদেশ সরকারি কর্মকমিশন (বিপিএসসি)

বাংলাদেশ সরকারি কর্মকমিশন একটি সাংবিধানিক সংস্থা। প্রজাতন্ত্রের জনগণের কর্মসংস্থানের লক্ষ্যে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের ১৩৭ নং অনুচ্ছেদ অনুসারে বাংলাদেশ সরকারি কর্মকমিশন (বিপিএসসি) বা সংক্ষেপে পিএসসি গঠিত হয়। মূলত ১৯৭১ সালে স্বাধীনতা লাভের পরপরই জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান দেশের সরকার ব্যবস্থার উন্নয়নে বাংলাদেশ সিভিল সার্ভিস গঠন করেন। প্রতিষ্ঠানটি নিরপেক্ষতা ও স্বচ্ছতার সঙ্গে প্রথম শ্রেণির ক্যাডার ও নন-ক্যাডারসহ বিভিন্ন সরকারি পদে মেধাবীদের নিয়োগ দিয়ে থাকে। একজন চেয়ারম্যানের নেতৃত্বে কয়েকজন সদস্য নিয়ে গঠিত হয় বাংলাদেশ সরকারি কর্মকমিশন বা পিএসসি।

বিসিএস পরীক্ষার সূচনাপর্ব

সোনার হরিণতুল্য বিসিএস পরীক্ষার সূচনা মূলত বাংলাদেশের স্বাধীনতার পর থেকে। ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে গৃহীত হয় বাংলাদেশের সিভিল সার্ভিস। ব্রিটিশ আমলে সূচিত ক্যাডার সার্ভিস কালের পরিক্রমায় বর্তমান রূপ লাভ করেছে। বাংলাদেশ সিভিল সার্ভিসের মাধ্যমে বর্তমানে বাংলাদেশ অদম্য গতিতে এগিয়ে চলছে।

বিসিএস কী, কেন বিসিএস:

বাংলাদেশের অন্যতম সম্মানিত পেশা হলো বাংলাদেশ সিভিল সার্ভিস। তিন অক্ষরের ছোট্ট একটা শব্দ বিসিএস-এর সঙ্গে বহু স্বপ্নবাজ তরুণের দীর্ঘদিনের লালিত স্বপ্ন-আশা-আকাঙ্ক্ষা জড়িয়ে থাকে। অনেকেই জীবনে সফল হওয়া বলতেই বোঝেন 'বিসিএস ক্যাডার' হওয়া। দিন দিন দেশে বিসিএস চাকরি চাহিদা, মানুষের বিসিএসের ওপর নির্ভরশীলতা ব্যাপক হারে বেড়েই চলছে। বর্তমানে জেনারেল ও টেকনিক্যাল বা পেশাগত ক্যাডার মিলিয়ে মোট ২৬টি ক্যাডার আছে। জেনারেল ক্যাডারগুলো সবার জন্য উন্মুক্ত ও যে কেউ অংশগ্রহণ করতে পারলেও টেকনিক্যাল ও পেশাগত ক্যাডারের ক্ষেত্রে নির্দিষ্ট বিষয়ে পড়াশোনা থাকতে হয়।

প্রতিনিয়ত ক্যাডার সার্ভিসের প্রতি শিক্ষিত জনগোষ্ঠী ও তরুণদের চাহিদা বৃদ্ধির কয়েকটি কারণের মধ্যে অন্যতম মান-সম্মান, যশ ও খ্যাতি।

কে না চান বস হতে? আমরা কমবেশি সবাই পাওয়ার প্র্যাকটিস করতে চাই, বস হতে চাই। বাংলাদেশের প্রেক্ষাপটে বিসিএসই একমাত্র চাকরি যেখানে বিশেষ মান-সম্মান, যশ-খ্যাতি পাওয়া যায়। তাই সময়ের সঙ্গে তাল মিলিয়ে দিন দিন এ দেশের শিক্ষিত জনগোষ্ঠী, তরুণ প্রজন্ম বিসিএসের দিকে ঝুঁকছেন। আর এ চাহিদাই বিসিএসকে 'সোনার হরিণে' পরিণত করেছে। এ ছাড়া বিসিএস-এ দেশ ও দশের সেবা করার সুযোগ তুলনামূলকভাবে বেশি।রাষ্ট্র পরিচালনায় সরকারের সঙ্গে সরাসরি অংশ নেওয়া যায়। প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজে বিদেশ সফর করার দারুণ সুযোগ আছে। চাকরির নিরাপত্তা আছে। বিশেষ কিছু কারণ ছাড়া চাকরিচ্যুত হওয়ার ভয় নেই। উচ্চশিক্ষার সুযোগ অনেক বেশি। ৫ বছরের শিক্ষা ছুটি নেওয়া যায় এবং বর্তমানে বেতন ও সুযোগ-সুবিধা অনেক বেড়েছে। চাকরি শেষে রয়েছে বিশাল পেনশন।

বর্ণিত কারণ ছাড়াও নানা সুবিধার কারণে বিসিএসের প্রতি আমাদের আকাঙ্ক্ষা এমন চরম পর্যায়ে পৌঁছেছে যে, ৪০তম বিসিএসে আবেদনকারীর সংখ্যা দক্ষিণ এশিয়ার দেশ মালদ্বীপের জনসংখ্যাকেও অতিক্রম করেছে। দেশের বিশাল এক শিক্ষিত জনগোষ্ঠী উদ্যোক্তা বা আবিষ্কারক হওয়ার নেশা ছেড়ে আমলা হওয়ার স্বপ্নে আজ বিভোর। যদিও দেশের জন্য এটি কোনোভাবেই মঙ্গলজনক নয়। তবুও বর্তমান বাংলাদেশের বাস্তবতায় তরুণেরা ঝুঁকছেন বিসিএসের দিকেই।

CamScanner

বিসিএস-এর মাধ্যমে নন-ক্যাডারে চাকরি:
বিসিএসের মাধ্যমে নন-ক্যাডারে নিয়োগ চাকরিপ্রার্থীদের মনে ব্যাপক আশার সঞ্চার করে। বিসিএসের মাধ্যমে নন-ক্যাডার পদে নিয়োগের প্রক্রিয়া শুরু হয় ২৮তম বিসিএস থেকে। প্রায় চার লক্ষাধিক পরীক্ষার্থী বিসিএস পরীক্ষায় অংশ নেন। চূড়ান্তভাবে ছয় থেকে সাত হাজার উত্তীর্ণ হন। কিন্তু ক্যাডার পদে স্বল্পতার কারণে সবাইকে নিয়োগ দেওয়া সম্ভব হয় না। এ কারণে নন-ক্যাডারের প্রথম ও দ্বিতীয় শ্রেণির নিয়োগ বিধিমালা করেছিল বাংলাদেশ সরকারি কর্মকমিশন। ২০১০ সালের ১০ মে প্রজ্ঞাপন করে নন-ক্যাডার বিধিমালা জারি করা হয়। এতে বলা হয়েছিল শূন্য পদের ৫০ শতাংশ বিসিএসে উত্তীর্ণ প্রার্থীদের দিয়ে পূরণ করা হবে। পরবর্তী বিসিএসের চূড়ান্ত ফল প্রকাশের আগ পর্যন্ত আগের বিসিএস থেকে নিয়োগ চলবে। যা চাকরি প্রার্থীদের জন্য বিরাট আনন্দের ব্যাপার। কেননা দীর্ঘ দুই কিংবা তিন বছর পরিশ্রমের পর ক্যাডার না হলেও অন্তত নন-ক্যাডারে চাকরির একটা ব্যবস্থা তো হলো। তবে বিধিমালায় নন-ক্যাডার থেকে শুধু প্রথম শেণির নিয়োগের বিধান করা হয়েছিল। এরপর ২০১৪ সালে এই বিধিমালা সংশোধন করে প্রথম শ্রেণির নন-ক্যাডার পদের পাশাপাশি দ্বিতীয় শ্রেণির কর্মকর্তা পদেও নিয়োগের ব্যবস্থা করা হয়।

প্রসঙ্গত, ২৮তম বিসিএসে ৫ হাজার ১০৫ জন উত্তীর্ণ প্রার্থীর মধ্য থেকে ২ হাজার ১৯০ জনকে ক্যাডারে নিয়োগের সুপারিশ করে বাংলাদেশ সরকারি কর্মকমিশন। বাকি ২ হাজার ৯১৫ জন নন-ক্যাডারের যোগ্য ছিলেন। সেখান থেকে ২৯৯ জনকে নিয়োগের মাধ্যমে নন-ক্যাডারে নিয়োগ প্রক্রিয়ার সূচনা করে সরকারি কর্মকমিশন।

বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতা:
উচ্চ মাধ্যমিক পাসের পর চার বছর মেয়াদী অনার্স পাস করলে বিসিএসে আবেদন করা যায়। আবার তিন বছর মেয়াদী পাস কোর্স সম্পন্ন করলে সঙ্গে অবশ্যই মাস্টার্স পাস করতে হবে। প্রকৃতপক্ষে চার বছর মেয়াদী ডিগ্রি সম্পন্ন হলেই যেকোনো প্রার্থী বিসিএস পরীক্ষায় অংশগ্রহণের জন্য আবেদন করতে পারবে এবং অর্জিত উক্ত যোগ্যতায় ক্যাডার হতে পারবে। কোনো প্রার্থীর শিক্ষা জীবনে একের অধিক পরীক্ষায় তৃতীয় শ্রেণি (3rd class) থাকলে বিসিএস পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না।

বিসিএস ক্যাডারের সুযোগ-সুবিধা ও বেতন:

- বিসিএস ক্যাডারগণ নবম গ্রেডভুক্ত কর্মকর্তা হিসেবে ২২,০০০/-বেসিক বেতন স্কেলে চাকরিতে প্রবেশ করেন। পরবর্তীতে অন্যান্য চাকরিজীবীদের তুলনায় দ্রুতই পদোন্নতির মাধ্যমে উর্ধ্বতন পদে অধিষ্ঠিত হন এবং বেতন ও সুযোগ-সুবিধাও বৃদ্ধি পায় স্বল্প সময়ে।
- চাকরির নিরাপত্তা আছে। বিশেষ কিছু কারণ ছাড়া চাকরিচ্যুত হওয়ার ভয় নেই বললেই চলে।
- বিদেশ উচ্চশিক্ষার সুযোগ অনেক বেশি। ৫ বছরের শিক্ষা ছুটি নেওয়া যায়।
- বেতন ও সুযোগ-সুবিধা বৃদ্ধি ছাড়াও চাকরি শেষে রয়েছে বিশাল পেনশন সুবিধা।
- ৫ বছরের জন্য লোন নেওয়ার ব্যবস্থা আছে।
- প্রশিক্ষণ ও দাপ্তরিক কাজে বিদেশ সফর করার সুযোগ আছে।
- বর্তমান বাংলাদেশের সমাজব্যবস্থায় বেশ সামাজিক মর্যাদা আছে।
- গণ্যমান্য ব্যক্তিদের সঙ্গে কাজ করার সুযোগ হয়। সর্বোপরি,
- রাষ্ট্র পরিচালনায় সরকারের সঙ্গে সরাসরি অংশ নেওয়ার সুযোগ আছে।

ডাক্তার, ইঞ্জিনিয়ার, কৃষি ও শিক্ষা ক্যাডারের সবাই যে কারণে প্রশাসন, পুলিশ ও পররাষ্ট্রসহ সাধারণ ক্যাডারে চলে যাচ্ছেন:

স্বাস্থ্য ক্যাডারের শুরুতে প্রথমে একজন ডাক্তারকে নিয়োগ দেওয়া হয় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স। সেখানে নেই কোনো গাড়ির সুবিধা, ভাড়ায় থাকতে হয় সরকারি কোয়ার্টারে। ব্যক্তিগত সহকারী ও আলাদা কোনো অফিস থাকে না। পদোন্নতির জন্য প্রয়োজন হবে পোস্ট গ্র্যাজুয়েশন ডিগ্রির, যা শেষ করতে লাগে ১৪-১৫ বছর।

অন্যদিকে প্রশাসন ক্যাডারে চাকরির শুরুতে মন্ত্রণালয়ের সহকারী সচিব, ডিসি অফিসের কর্মকর্তা, এসি ল্যান্ড হিসেবে যোগদানের সুযোগ রয়েছে। রয়েছে ধারাবাহিক পদোন্নতির সুযোগ, গাড়ি-বাড়ির সুবিধা, গাড়ি রক্ষণাবেক্ষণে মাসিক টাকাও পান তাঁরা। ব্যক্তিগত সহকারী, পাওয়া যাবে আলাদা অফিসও। আর ইউএনও হলে সরকারি বাংলো ও গাড়ির সুবিধা তো রয়েছেই। পদোন্নতি পেলে মন্ত্রিপরিষদ সচিবও হতে পারেন। রয়েছে স্কলারশিপ নিয়ে বিদেশে পড়ার সুযোগ, প্রেষণে আন্তর্জাতিক সংস্থায় কাজের সুযোগও রয়েছে।

এসব বৈষম্যের দেয়ালই হয়তো ডাক্তারদের স্বাস্থ্য ক্যাডার ছেড়ে অন্য ক্যাডারে যোগ দিতে বাধ্য করছে বা অন্যরা সহজেই প্রলুব্ধ হচ্ছেন।

ইঞ্জিনিয়ারিং শিক্ষার্থীদেরও একই অবস্থা। বুয়েটে ইলেকট্রিক্যাল অ্যান্ড ইলেকট্রনিকসে পড়াশোনা করা শিক্ষার্থী বিসিএস দিয়ে এখন পররাষ্ট্র ক্যাডারে যোগ দেবেন। এত বছর তাঁর প্রাতিষ্ঠানিক শিক্ষার সঙ্গে এখন চাকরির পরিবেশের কোনো মেলবন্ধন নেই। সে যদি তাঁর প্রাতিষ্ঠানিক শিক্ষার পেশায় থাকত, আমরা হয়তো পেতাম সেরা আইটি চিপ নির্মাতা, ভবিষ্যৎ মাইক্রোসফটের মতো প্রতিষ্ঠান নির্মাতা, বিশ্বের সেরা প্রযুক্তিবিদ বা সফল বিজ্ঞানী।

আবার শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ নিজ পেশায় অবহেলার ও দীর্ঘদিন পদবঞ্চিত থাকার কারণে শিক্ষকতা ছেড়ে সাধারণ ক্যাডারে চলে যাচ্ছেন।

ডাক্তার, ইঞ্জিনিয়ার, শিক্ষক ও কৃষিবিদদের তাঁদের নিজস্ব পেশা ছেড়ে অন্য পেশায় যোগদানের ফলে সাধারণ বিষয় নিয়ে পড়ুয়া শিক্ষার্থীরা বঞ্চিত হচ্ছেন সেসব পদ থেকে। বাংলা, ইংরেজি, ইতিহাস, অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজবিজ্ঞান, দর্শনসহ ইত্যাদি সাধারণ বিষয় নিয়ে পড়াশোনা করা শিক্ষার্থীরাই তো যোগ্যতাবলে পররাষ্ট্র, প্রশাসন, পুলিশ, কর, সাধারণ ক্যাডার পাওয়ার কথা। সাধারণ এসব বিষয় নিয়ে পড়ুয়া শিক্ষার্থীদের ইঞ্জিনিয়ারিং, মেডিকেল বা কৃষি অনুষদের শিক্ষার্থীদের মতো আলাদা তেমন কোনো চাকরির বাজার নেই।

একজন মেডিকেল শিক্ষার্থীর জন্য রয়েছে মেডিকেলে চাকরি, ডাক্তারি। একজন ইঞ্জিনিয়ারিং পড়ুয়া শিক্ষার্থীর জন্য রয়েছে দেশি-বিদেশি প্রতিষ্ঠান, বিভিন্ন শিল্পকারখানায় চাকরি। একজন কৃষিবিদেরও চাকরির আলাদা খাত রয়েছে।

বাণিজ্য অনুষদে পড়ুয়া শিক্ষার্থীদের জন্যও রয়েছে আলাদা চাকরির পরিবেশ। তাঁদের জন্য রয়েছে বিভিন্ন ব্যাংক ও বিমা সেক্টর। বিভিন্ন করপোরেট প্রতিষ্ঠান।

অন্যদিকে, কলা ও সামাজিক অনুষদের শিক্ষার্থীদের একমাত্র ভরসা এ বিসিএস। এই বিসিএসই তাঁদের একমাত্র স্বপ্ন, আশা-আকাঙ্ক্ষা। কিন্তু বিসিএসে লেভেল ফিল্ডে এ সমন্বয়হীনতার কারণে অনেক স্বপ্ন রীতিমতো ধূলিসাৎ হয়ে যাচ্ছে।

CamScanner

ক্যাডার-বৈষম্য দূর করতে যা প্রয়োজন:
সব ক্যাডারের কর্মকর্তাদের চাকরিজনিত যে কোনো সিদ্ধান্তের জন্য যেতে হয় সচিবালয়ে। সেখানে প্রশাসন ক্যাডারের কর্মকর্তারা সব ক্যাডারের ছোট-বড় সব বিষয়ে সিদ্ধান্ত দিয়ে থাকেন। এতে করে সব ক্যাডারের যে প্রধান কর্মকর্তা মহাপরিচালকেরা রয়েছেন, তাঁদের ক্ষমতাকে ছোট করা হয়। সব মন্ত্রণালয়ের সচিব হওয়া প্রয়োজন সংশ্লিষ্ট ক্যাডারের কর্মকর্তার। যেমন কৃষি মন্ত্রণালয়ের সচিব হবেন একজন কৃষিবিদ। স্বাস্থ্য মন্ত্রণালয়ের সচিব হবেন একজন চিকিৎসক। এতে করে সরকারি চাকরির কাজে যেমন গতিশীলতা আসবে, তেমনি স্বাধীনভাবে সব ক্যাডার নিজ নিজ দায়িত্বশীলতার সঙ্গে কাজ করতে পারবেন।

বিসিএস এর পরীক্ষা পদ্ধতি

বিসিএস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা-২০১৪-এর বিধান অনুযায়ী বাংলাদেশ সিভিল সার্ভিসে উপযুক্ত প্রার্থী মনোনয়নের উদ্দেশ্যে সরকারি কর্মকমিশন নিম্নোক্ত ৩ স্তরবিশিষ্ট নিয়োগ পরীক্ষা গ্রহণ করে থাকে।

প্রথম স্তর: ২০০ নম্বরের MCQ Type Preliminary Test শূন্য পদের তুলনায় প্রার্থী সংখ্যা বিপুল হওয়ায় লিখিত পরীক্ষার মাধ্যমে উপযুক্ত প্রার্থী বাছাইয়ের জন্য বিসিএস (বয়স, যোগ্যতা ও সরাসরি নিয়োগের জন্য পরীক্ষা) বিধিমালা-২০১৪ এর বিধি-৭ অনুযায়ী বাংলাদেশ সরকারি কর্ম কমিশন ২০০ নম্বরের MCQ Type প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করে থাকে। ৩৪তম বিসিএস পরীক্ষা পর্যন্ত ১০০ নম্বরে প্রিলিমিনারি টেস্ট গ্রহণ করা হতো। বিসিএস পরীক্ষা বিধিমালা-২০১৪ এর বিধানমতে ৩৫তম বিসিএস পরীক্ষা হতে ২০০ নম্বরের ২ ঘণ্টা সময়ে ১০টি বিষয়ের ওপর MCQ Type প্রিলিমিনারি টেস্ট গ্রহণের ব্যবস্থা প্রবর্তন করা হয়েছে। প্রিলিমিনারি টেস্টে নির্দিষ্ট কোনো পাস মার্ক নেই। সরকারি কর্মকমিশন শূন্য পদের বিপরীতে নির্দিষ্ট সংখ্যক প্রার্থীকে লিখিত পরীক্ষায় অংশগ্রহণের জন্য প্রিলিমিনারিতে উত্তীর্ণ করায়।

প্রথম স্তরের প্রিলিমিনারি টেস্ট-এর বিষয় ও নম্বর বন্টন:

ক্রমিক নম্বর	আবশ্যিক বিষয়	নম্বর বন্টন
০১.	বাংলা ভাষা ও সাহিত্য	৩৫
০২.	ইংরেজি ভাষা ও সাহিত্য	৩৫
০৩.	বাংলাদেশ বিষয়াবলি	৩০
০৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	২০
০৫.	ভূগোল (বাংলাদেশ ও বিশ্ব), পরিবেশ ও দুর্যোগ ব্যবস্থাপনা	১০
০৬.	সাধারণ বিজ্ঞান	১৫
০৭.	কম্পিউটার ও তথ্যপ্রযুক্তি	১৫
০৮.	গাণিতিক যুক্তি	১৫
০৯.	মানসিক দক্ষতা	১৫
১০.	নৈতিকতা, মূল্যবোধ ও সুশাসন	১০
	মোট নম্বর	২০০

দ্বিতীয় স্তর: প্রিলিমিনারি টেস্টে কমিশন কর্তৃক কৃতকার্য ঘোষিত প্রার্থীদের জন্য ৯০০ নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হয়। লিখিত পরীক্ষায় গড় পাস নম্বর শতকরা ৫০ (৫০% নম্বর)। নির্ধারিত যোগ্যতা অনুযায়ী ২৬টি ক্যাডার সাধারণ ক্যাডার এবং কারিগরি/পেশাগত ক্যাডার এই দুই ক্যাটাগরিতে বিভক্ত।

ক. সাধারণ ক্যাডারের প্রার্থীদের জন্য ৯০০ নম্বরের লিখিত পরীক্ষা।

খ. কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের জন্য ৯০০ (বিজ্ঞান ও বাংলা দ্বিতীয় পত্রের ২০০ বাদে ৭০০ নম্বর + পেশাগত বা পদ সংশ্লিষ্ট বিষয়ের ২০০ নম্বর) নম্বরের লিখিত পরীক্ষা।

দ্বিতীয় স্তরের সাধারণ ক্যাডারের প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বন্টন:

ক্রমিক নম্বর	আবশ্যিক বিষয়	নম্বর বন্টন
১.	বাংলা	২০০
২.	ইংরেজি	২০০
৩.	বাংলাদেশ বিষয়াবলি	২০০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
৫.	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	১০০
৬.	সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি	১০০
	মোট নম্বর	৯০০

দ্বিতীয় স্তরের কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের জন্য লিখিত পরীক্ষার বিষয়ভিত্তিক নম্বর বন্টন:

ক্রমিক নম্বর	আবশ্যিক বিষয়	নম্বর বন্টন
১.	বাংলা	১০০
২.	ইংরেজি	২০০
৩.	বাংলাদেশ বিষয়াবলি	২০০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
৫.	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	১০০
৬.	পদ সংশ্লিষ্ট বিষয়	২০০
	মোট নম্বর	৯০০

বিসিএস লিখিত পরীক্ষার নতুন সিলেবাসে মুক্তিযুদ্ধে ৫০ নম্বর যুক্ত

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন (পিএসসি) তাদের ওয়েবসাইটে ২৬ আগস্ট, ২০২১ বিসিএসের লিখিত পরীক্ষার নতুন সিলেবাস প্রকাশ করে।

নতুন সিলেবাসে একটি উল্লেখযোগ্য পরিবর্তন আনা হয়েছে। সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের প্রার্থীদের জন্য বাংলাদেশ বিষয়াবলিতে ২০০ নম্বরের পরীক্ষায় মুক্তিযুদ্ধ এবং এর পটভূমি অংশে নির্দিষ্টভাবে ৫০ নম্বরের প্রশ্ন থাকবে।

বাংলাদেশ বিষয়াবলিতে মুক্তিযুদ্ধ এবং এর পটভূমি অংশে ১৯৫২ সালের ভাষা আন্দোলন, ১৯৫৪ সালের নির্বাচন, ১৯৬৬ সালের ছয় দফা আন্দোলন, ১৯৬৮-৬৯ সালের গণ-অভ্যুত্থান, ১৯৭০ সালের সাধারণ নির্বাচন, ১৯৭১ সালের অসহযোগ আন্দোলন, বঙ্গবন্ধুর ৭ মার্চের ঐতিহাসিক ভাষণ, মুজিবনগর সরকারের গঠন ও এর কার্যাবলি, জাতিসংঘে বৃহৎ শক্তিগুলোর ভূমিকা, পাকিস্তান সেনাবাহিনীর আত্মসমর্পণ, স্বাধীন বাংলাদেশে বঙ্গবন্ধুর প্রত্যাবর্তন এবং বাংলাদেশ থেকে ভারতীয় সশস্ত্র বাহিনী প্রত্যাহার-এসব বিষয় থেকে ৫০ নম্বরের প্রশ্ন এবার নির্দিষ্ট করে দেওয়া হয়েছে।

CS CamScanner

পদ সংশ্লিষ্ট (Job-related) বিষয়ের পরীক্ষা:

যে সকল প্রার্থী সাধারণ ও কারিগরি/পেশাগত উভয় ক্যাডারের পদের জন্য পছন্দক্রম দেবেন, তাদেরকে সাধারণ ক্যাডারের জন্য নির্ধারিত বিষয়ের ৯০০ নম্বরের অতিরিক্ত সংশ্লিষ্ট পদ বা সার্ভিসের জন্য প্রাসঙ্গিক বিষয়ের ২০০ নম্বরের লিখিত পরীক্ষা দিতে হয়।

বি.দ্র: কারিগরি/পেশাগত ক্যাডারের প্রার্থীদের ক্ষেত্রে বিজ্ঞান ১০০ ও বাংলা দ্বিতীয় পত্রের ১০০ নম্বরের স্থলে পদ সংশ্লিষ্ট বিষয়ের ২০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। অর্থাৎ কোনো প্রার্থী শুধু কারিগরি/পেশাগত ক্যাডার হতে চাইলে তার বাংলা দ্বিতীয় পত্রের ১০০ এবং বিজ্ঞানের ১০০ নম্বরের লিখিত পরীক্ষা না দিলেও সমস্যা নেই (তবে উভয় ক্যাডার চয়েস দিলে বাংলা দ্বিতীয় পত্র ও বিজ্ঞান পরীক্ষায় পরীক্ষায় উপস্থিতি বাধ্যতামূলক)। কিন্তু সাধারণ ক্যাডারের ক্ষেত্রে উক্ত বিষয় দুটির লিখিত পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। অন্যথায় পরীক্ষা বাতিল বলে গণ্য হবে।

বিসিএস লিখিত পরীক্ষায় পাস-ফেল নির্ধারিত হয় যেভাবে

বিসিএস পরীক্ষায় তিন ক্যাটাগরিতে আবেদন করা যায়। জেনারেল ক্যাডার, টেকনিক্যাল ক্যাডার ও বোথ ক্যাডার। আবেদন করার সময় কোনো প্রার্থী যদি জেনারেল ক্যাডারে আবেদন করে থাকেন, তাহলে তাকে মোট ৯০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। জেনারেল ক্যাডারে ৯০০ নম্বরের পরীক্ষা দিতে হবে নিম্নের ছয়টি বিষয়ের ওপর।

ক্রমিক নম্বর	বিষয়	নম্বর বণ্টন
১.	বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
২.	ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০+১০০= ২০০
৩.	বাংলাদেশ বিষয়াবলি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০+১০০= ২০০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
৫.	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	৫০ + ৫০ = ১০০
৬.	সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি	১০০
মোট নম্বর		৯০০

প্রতিটি ২০০ নম্বরের পরীক্ষার সময় ৪ ঘণ্টা এবং প্রতিটি ১০০ নম্বরের পরীক্ষার নির্ধারিত সময় ৩ ঘণ্টা। প্রতিটি বিষয়ে পাশ নম্বর ৫০%। কোনো প্রার্থী প্রতিটি বিষয়ে ৫০% মার্ক না পেলেও লিখিত পরীক্ষায় পাস করবেন। সহজ কথায়, ৯০০ নম্বরের মধ্যে সব বিষয় মিলিয়ে ৪৫০ নম্বর পেলেই যে কোনো প্রার্থী ভাইভার জন্য নির্বাচিত হবেন।

তবে কোনো একটি বিষয়ে ন্যূনতম ৩০% নম্বর না পেলে সে বিষয়ের ১০০ নম্বরই বাদ যাবে পরীক্ষার্থীর মোট নম্বর থেকে। অর্থাৎ কোনো বিষয়ে ৩০% নম্বর না পেলে তা ক্রাশ নম্বর (০ নম্বর) হিসেবে ধরা হয়। আবার ২০০ নম্বরের পরীক্ষায় ন্যূনতম ৬০ নম্বর পেতে হয়। কোনো প্রার্থী যদি একটি বিষয়ে বা একাধিক ৩০% এর কম পান তাহলে তিনি কি ফেল করবেন? না, তিনি ফেল করবেন না। যে বিষয়ে তিনি ৩০% এর কম নম্বর পাবেন সেই বিষয়ের কোনো নম্বর তার মোট নম্বরের সঙ্গে যোগ হবে না। উদাহরণস্বরূপ, কোনো পরীক্ষার্থী আন্তর্জাতিক বিষয়াবলির পরীক্ষায় ১০০ নম্বরের মধ্যে ২৯ নম্বর পেলে, তার এই নম্বর বাকি পাঁচটা বিষয়ের মোট নম্বরের সঙ্গে যোগ হবে না। ফলে আন্তর্জাতিক বিষয়াবলির এই ২৯ নম্বর বাদেই যদি পরীক্ষার্থী বাকি পাঁচটা বিষয়ে ন্যূনতম ৪৫০ নম্বর পান, তাহলে তিনি ভাইভার জন্য নির্বাচিত হবেন।

কোনো প্রার্থী টেকনিক্যাল ক্যাডারে আবেদন করে থাকলে তাকে মোট ৯০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। টেকনিক্যাল ক্যাডারে ৯০০ নম্বরের পরীক্ষা দিতে হবে নিম্নের ছয়টি বিষয়ের ওপর।

ক্রমিক নম্বর	বিষয়	নম্বর বণ্টন
১.	বাংলা প্রথম পত্র	১০০
২.	ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
৩.	বাংলাদেশ বিষয়াবলি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
৫.	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	৫০ + ৫০ = ১০০
৬.	স্নাতকে পঠিত বিষয়	২০০
মোট নম্বর		৯০০

টেকনিক্যাল ক্যাডারেও ৯০০ নম্বরের মধ্যে সব বিষয় মিলিয়ে ৪৫০ নম্বর পেলেই প্রার্থী ভাইভার জন্য নির্বাচিত হবেন। তাছাড়া জেনারেল ক্যাডারের জন্য যেসব নিয়ম প্রযোজ্য, টেকনিক্যাল ক্যাডারের ক্ষেত্রেও একই নিয়ম প্রযোজ্য।

কোনো প্রার্থী যদি উভয় (জেনারেল ও টেকনিক্যাল) ক্যাডারের জন্য আবেদন করে থাকেন, তাহলে তাকে মোট ১১০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। বোথ ক্যাডারে ১১০০ নম্বরের পরীক্ষা দিতে হবে নিম্নের সাতটি বিষয়ের ওপর।

ক্রমিক নম্বর	বিষয়	নম্বর বণ্টন
১.	বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
২.	ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
৩.	বাংলাদেশ বিষয়াবলি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
৫.	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	৫০ + ৫০ = ১০০
৬.	সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি	১০০
৭.	স্নাতকে পঠিত বিষয়	২০০
মোট নম্বর		১১০০

মোটকথা, যারা শুধু জেনারেল বা টেকনিক্যাল ক্যাডারের জন্য পরীক্ষা দেবেন, তাঁরা ৯০০ নম্বরের পরীক্ষা দেবেন এবং ৪৫০ নম্বর পেলেই ভাইভার জন্য নির্বাচিত হবেন। কিন্তু বোথ ক্যাডারদের ক্ষেত্রে ১১০০ নম্বরের পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে সে ক্ষেত্রে তাদের পাস নম্বর বিবেচনা করা হবে নিম্নোক্ত বিষয়গুলোর ৯০০ নম্বরের ওপর। এই ৯০০ নম্বরের মধ্যে প্রার্থী যদি ৪৫০ নম্বর পান, তাহলে তিনি জেনারেল ক্যাডারে ভাইভার জন্য নির্বাচিত হবেন।

CamScanner

ক্রমিক নম্বর	বিষয়	নম্বর বন্টন
১.	বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
২.	ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
৩.	বাংলাদেশ বিষয়াবলি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
৪.	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
৫.	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	৫০ + ৫০ = ১০০
৬.	সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি	১০০
	মোট নম্বর	৯০০

জেনারেল ক্যাডার বিবেচনার পর উল্লেখিত বিষয়গুলোর মধ্যে থেকে বাংলা দ্বিতীয় পত্র এবং সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তির মোট ২০০ (১০০+১০০) নম্বর বাদ দিয়ে এগুলোর পরিবর্তে স্নাতক পর্যায়ে পঠিত বিষয়ের ২০০ নম্বর যোগ করে নিম্নোক্ত বিষয়গুলোর ৯০০ নম্বরের মধ্যে কোনো প্রার্থী যদি ৪৫০ পান, তাহলে তিনি টেকনিক্যাল ক্যাডারের ভাইভার জন্য নির্বাচিত হবেন।

ক্রমিক নম্বর	বিষয়	নম্বর বন্টন
	বাংলা প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
	ইংরেজি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
	বাংলাদেশ বিষয়াবলি প্রথম ও দ্বিতীয় পত্র	১০০ + ১০০ = ২০০
	আন্তর্জাতিক বিষয়াবলি	১০০
	গাণিতিক যুক্তি ও মানসিক দক্ষতা	৫০ + ৫০ = ১০০
	সাধারণ বিজ্ঞান ও প্রযুক্তি	১০০
	মোট নম্বর	৯০০

বর্ণিত নিয়মে কোনো প্রার্থী যদি একই সঙ্গে জেনারেল ক্যাডার এবং টেকনিক্যাল ক্যাডারে ভাইভার জন্য নির্বাচিত হন, তাহলে তিনি বোথ ক্যাডারে ভাইভার জন্য নির্বাচিত হবেন। বোথ ক্যাডারে আবেদন করে ১১০০ নম্বরের পরীক্ষা দিয়ে টেকনিক্যাল পরীক্ষায় (স্নাতকে পঠিত বিষয়) ফেল করলেও কোনো প্রার্থীর মোট নম্বর যদি ৫৫০ নম্বর হয়, তাহলে তিনি বোথ ক্যাডারেই পাস করবেন। আর ৪৫০ নম্বর হলে শুধু জেনারেল ক্যাডারে পাস করবেন। এভাবে বোথ ক্যাডারে আবেদন করে শুধু টেকনিক্যাল ক্যাডারেও পাস আসা সম্ভব। তবে, সব পরীক্ষায় প্রার্থীকে তার উপস্থিতি নিশ্চিত করতেই হবে।

তৃতীয় স্তর: বিসিএস-এর লিখিত পরীক্ষায় কৃতকার্য প্রার্থীদের জন্য ২০০ নম্বরের মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ বাধ্যতামূলক। মৌখিক পরীক্ষার পাস নম্বর শতকরা ৫০ (৫০% নম্বর)।

তৃতীয় স্তরের (ভাইভা) প্রার্থীদের জন্য গঠিত বোর্ড:

লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের উপযুক্ততা নির্ধারণের জন্য বিসিএস পরীক্ষা বিধিমালার বিধান অনুযায়ী কমিশন নিম্নোক্তভাবে মৌখিক পরীক্ষার বোর্ড গঠন করে থাকে:

১.	কমিশনের চেয়ারম্যান/সদস্য	বোর্ড চেয়ারম্যান
২.	সরকার কর্তৃক মনোনীত যুগ্মসচিব বা তদূর্ধ্ব পদমর্যাদার কর্মকর্তা	বোর্ড সদস্য
৩.	কমিশন কর্তৃক মনোনীত বিষয়ভিত্তিক বিশেষজ্ঞ	বোর্ড সদস্য

মৌখিক পরীক্ষা (Interview)

চূড়ান্ত নির্বাচন:
পিএসসি প্রার্থীদের লিখিত পরীক্ষার ৯০০ ও মৌখিক পরীক্ষার ২০০ নম্বরের ওপর ভিত্তি করে ক্যাডার নির্ধারণ করে থাকে। মোট ১১০০ নম্বরের মধ্যে ক্যাডারের পদসংখ্যা অনুসারে সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত প্রার্থীদের ক্যাডার হিসেবে নিয়োগের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে সুপারিশ করে। এরপর মন্ত্রণালয় পর্যায়ক্রমে স্বাস্থ্য অধিদপ্তর কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা, পুলিশ ভেরিফিকেশন সম্পন্ন করে চূড়ান্তভাবে উত্তীর্ণ প্রার্থীদের নাম গেজেট আকারে প্রকাশ করে।

বিসিএস-এ ক্যাডার সংখ্যা এখন ২৬ টি

সরকার ব্যবস্থার উন্নয়নে বিভিন্ন মন্ত্রণালয় ও বিভাগের কাজের সুবিধার জন্য বাংলাদেশের সূচনালগ্নে ২৯টি ক্যাডার গঠন করা হয়েছিল। এরপর একসময় ক্যাডার সংখ্যা ৩০টিতে উন্নীত করা হয়। পরবর্তীতে বিভিন্ন সময়ে গঠিত প্রশাসনিক সংস্কার কমিটিগুলো ক্যাডার সংখ্যা কমিয়ে আনার পক্ষে মতামত দেন। ফলে ১৯৯৮ সালে জনপ্রশাসন সংস্কার কমিশন নতুন ক্যাডার গঠনের পরিবর্তে ক্যাডার সংখ্যা কমানোর পক্ষে সুপারিশ করে। এরই প্রেক্ষিতে যেসব ক্যাডারের কাজের ধরন অভিন্ন, সেসব ক্যাডারকে একীভূত করার উদ্যোগ নেয় সরকার। তারই অংশ হিসেবে আশির দশকে উন্নয়ন বাজেটের আকার বাড়তে থাকায় উন্নয়ন বাজেট তৈরির পরিকল্পনা, প্রকল্প প্রণয়ন ও বাস্তবায়নের জন্য ১৯৮৫ সালে চালুকৃত ইকোনমিক ক্যাডার ৩৫ বছর বহাল থাকার পর ৪ শতাধিক কর্মকর্তাকে নিয়ে গত ১৩ নভেম্বর ২০১৮ প্রশাসন ক্যাডারের সঙ্গে একীভূত করা হয়। ফলে বর্তমানে ক্যাডার সংখ্যা ২৭টি থেকে কমে ২৬টি হয়েছে। এর পূর্বে সচিবালয় ক্যাডারকে প্রশাসন ক্যাডারের সঙ্গে যুক্ত করা হয় নব্বইয়ের দশকে এবং ২০০৭ সালে বিসিএস বিচার ক্যাডারকে বাংলাদেশ জুডিশিয়াল সার্ভিস কমিশনে অর্ন্তভূক্ত করা হয়। এ ছাড়া ২০১৬ সালে বিনিয়োগ বোর্ড ও বেসরকারীকরণ কমিশন বিলুপ্ত করে গঠন করা হয় বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা)।

২৬টি ক্যাডারের মধ্যে সাধারণ ক্যাডার ১৪টি ও কারিগরি/পেশাগত ক্যাডার ১২টি।

বিসিএস-এর ২৬টি ক্যাডারের নাম (সাধারণ ও কারিগরি/পেশাগত):

ক্র. নং	ক্যাডারের নাম	ক্যাডারের ধরন
১.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পররাষ্ট্র)	সাধারণ ক্যাডার
২.	বাংলাদেশ সিভিল সার্ভিস (প্রশাসন)	সাধারণ ক্যাডার
৩.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পুলিশ)	সাধারণ ক্যাডার
৪.	বাংলাদেশ সিভিল সার্ভিস (কর)	সাধারণ ক্যাডার
৫.	বাংলাদেশ সিভিল সার্ভিস (শুল্ক ও আবগারি)	সাধারণ ক্যাডার
৬.	বাংলাদেশ সিভিল সার্ভিস (নিরীক্ষা ও হিসাব)	সাধারণ ক্যাডার
৭.	বাংলাদেশ সিভিল সার্ভিস (আনসার)	সাধারণ ক্যাডার
৮.	বাংলাদেশ সিভিল সার্ভিস (সমবায়)	সাধারণ ক্যাডার
৯.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিবার পরিকল্পনা)	সাধারণ ক্যাডার
১০.	বাংলাদেশ সিভিল সার্ভিস (ডাক)	সাধারণ ক্যাডার
১১	বাংলাদেশ সিভিল সার্ভিস (খাদ্য)	সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার
১২.	বাংলাদেশ সিভিল সার্ভিস (বাণিজ্য)	সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার
১৩.	বাংলাদেশ সিভিল সার্ভিস (তথ্য)	সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার

CamScanner

ক্র. নং	ক্যাডারের নাম	ক্যাডারের ধরন
১৪.	বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক)	সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার
১৫.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পশুসম্পদ)	সাধারণ ও কারিগরি/পেশাগত ক্যাডার
১৬.	বাংলাদেশ সিভিল সার্ভিস (সাধারণ শিক্ষা)	কারিগরি/পেশাগত ক্যাডার
১৭.	বাংলাদেশ সিভিল সার্ভিস (কারিগরি শিক্ষা)	কারিগরি/পেশাগত ক্যাডার
১৮.	বাংলাদেশ সিভিল সার্ভিস (স্বাস্থ্য)	কারিগরি/পেশাগত ক্যাডার
১৯.	বাংলাদেশ সিভিল সার্ভিস (মৎস্য)	কারিগরি/পেশাগত ক্যাডার
২০.	বাংলাদেশ সিভিল সার্ভিস (কৃষি)	কারিগরি/পেশাগত ক্যাডার
২১.	বাংলাদেশ সিভিল সার্ভিস (গণপূর্ত)	কারিগরি/পেশাগত ক্যাডার
২২.	বাংলাদেশ সিভিল সার্ভিস (সড়ক ও জনপথ)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৩.	বাংলাদেশ সিভিল সার্ভিস (জনস্বাস্থ্য প্রকৌশল)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৪.	বাংলাদেশ সিভিল সার্ভিস (রেলওয়ে প্রকৌশল)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৫.	বাংলাদেশ সিভিল সার্ভিস (পরিসংখ্যান)	কারিগরি/পেশাগত ক্যাডার
২৬	বাংলাদেশ সিভিল সার্ভিস (বন)	কারিগরি/পেশাগত ক্যাডার

সূত্র: পিএসসি

যেভাবে ক্যাডার বন্টন হয়

বিসিএস পরীক্ষার্থীদের জন্য ক্যাডার চয়েস অতি গুরুত্বপূর্ণ একটি বিষয়। বিসিএস প্রস্তুতি নিচ্ছেন যারা কিংবা নেয়ার চিন্তা ভাবনা করছেন, তারা সবাই মোটামুটিভাবে জানেন যে এই পরীক্ষার আবেদনের সময় Preference Order বা পছন্দক্রম দেয়া লাগে। অনেকেই এখানে দ্বিধা দ্বন্দ্বে পড়ে যান যে কোনটা আগে দেয়া উচিত! ক্যাডার চয়েসের ক্ষেত্রে সামান্য একটি ভুলের কারণে কাঙ্ক্ষিত একটি ক্যাডার নাও পেতে পারেন একজন প্রার্থী। এমনকি কোনো ক্যাডারই নাও পেতে পারেন ছোট একটি ভুলের কারণে। পরীক্ষায় অংশগ্রহণের যোগ্যতাসম্পন্ন যে কেউ সাধারণ ক্যাডারের ক্ষেত্রে ক্যাডার তালিকায় থাকা পদগুলোর সবই পছন্দক্রমে রাখতে পারেন। তবে প্রফেশনাল ক্যাডারের ক্ষেত্রে স্নাতকে পঠিত বিষয় অনুযায়ী পছন্দ বাছাই করতে হয়।

যে ভাবে ক্যাডার বন্টন করা হয়: বিসিএস পরীক্ষা তিনটি ধাপে অনুষ্ঠিত হয়ে থাকে। প্রথমে ২০০ নম্বরের প্রিলিমিনারি (বাছাই পরীক্ষা) হয়, যা এমসিকিউ পদ্ধতিতে হয়। তারপর ৯০০ নম্বরের লিখিত পরীক্ষা এবং ২০০ নম্বরের ভাইভা হয়ে থাকে। এ ছাড়া প্রফেশনাল ক্যাডারের জন্য স্নাতকে পঠিত অতিরিক্ত ২০০ নম্বরের লিখিত পরীক্ষাও দিতে হয় যারা প্রফেশনাল ক্যাডারে আসতে চান তাদেরকে। প্রিলিমিনারিতে কোনো নির্দিষ্ট পাস নম্বর থাকে না। এটা ক্যাডার চাহিদার সংখ্যার ওপর পিএসসি নির্ধারণ করে থাকে। কিন্তু লিখিত পরীক্ষায় একজন প্রার্থী ৫০ শতাংশ নম্বর পেলে ভাইভায় অংশগ্রহণের সুযোগ পান। ভাইভার পাস নম্বরও লিখিতের ন্যায় ৫০ শতাংশ। এরপর লিখিত পরীক্ষার নম্বর ও ভাইভায় প্রাপ্ত নম্বর যোগ করে মেধাতালিকা প্রস্তুত করা হয়।

মেধাতালিকায় বেশি নম্বর প্রাপ্ত প্রার্থীরা সর্বপ্রথম তাদের পছন্দের ক্রমানুযায়ী ক্যাডার পাবেন। অর্থাৎ প্রার্থীর চয়েস অনুযায়ী প্রথম চয়েসের ক্যাডারটি পাবেন। এ ক্ষেত্রে কোনো প্রার্থীর প্রথম চয়েস আনসার ক্যাডার হলে তিনি আনসার ক্যাডার পাবেন; আবার প্রথম চয়েস প্রশাসন ক্যাডার হলে প্রশাসন ক্যাডারই পাবেন। প্রথম থেকে মেধাতালিকার শেষ প্রার্থী পর্যন্ত এই প্রক্রিয়ার ক্যাডার বন্টনের বিষয়টি চলতে থাকে। ক্যাডার বন্টন যেভাবে হয়ে থাকে তা কয়েকটি পর্যায়ে দেখানো হলো:

ক. সর্বোচ্চ নম্বরপ্রাপ্ত কোনো প্রার্থীর পছন্দক্রমে যদি পুলিশ, পররাষ্ট্র, প্রশাসন, কাস্টমস, নিরীক্ষা ও হিসাব ইত্যাদি হয়ে থাকে তবে তিনি প্রথম চয়েসের পুলিশ ক্যাডারই পাবেন।

খ. কোনো প্রার্থী তার পছন্দক্রমে যথাক্রমে কাস্টমস, কর, পুলিশ, প্রশাসন দিলে এবং মেধাতালিকায় তার ক্রম ৫০০তম হলে ক্যাডার বণ্টনের সময় প্রথমেই যদি দেখা যায় যে কাস্টমস ক্যাডার পদের বন্টন শেষ, তাহলে দেখা হবে তার দ্বিতীয় পছন্দ। দ্বিতীয় পছন্দের কর ক্যাডারের পদ খালি থাকলে প্রার্থী সেটিই পাবেন। এ ভাবে পর্যায়ক্রমে প্রার্থীকে তার মেধাক্রম অনুযায়ী ও পদ খালি থাকা সাপেক্ষে ক্যাডার প্রদান করা হয়।

গ. আবার কোনো প্রার্থী পছন্দক্রমে যদি ২/৩টি ক্যাডার দিয়ে থাকেন এবং সেগুলোর ক্রম যদি প্রশাসন, কাস্টমস ও পররাষ্ট্র হয়ে থাকে তাহলে তার মেধাক্রম বা সিরিয়াল এলে দেখা হবে তার দেওয়া পদগুলো খালি আছে কিনা। যদি সেগুলো পূরণ হয়ে যায় এবং অন্যান্য ক্যাডারগুলোতে পদ খালি আছে। এ ক্ষেত্রে প্রার্থী কোনো ক্যাডারই পাবেন না। কেননা তার পছন্দক্রমে অন্যান্য ক্যাডার না থাকায় পদ খালি থাকলেও তিনি অন্য ক্যাডার পাবেন না। সুতরাং পছন্দক্রমে সবগুলো ক্যাডারই ক্রমানুযায়ী দেওয়া উচিত।

ঘ. কোনো প্রার্থী তার পছন্দক্রমে যথাক্রমে পররাষ্ট্র, প্রশাসন, শিক্ষা, কাস্টমস, নিরীক্ষা ও হিসাব ক্যাডার রাখলে এবং উক্ত প্রার্থী উভয় ক্যাডারে আবেদন করে থাকলে সাধারণ ক্যাডারের সিরিয়াল আসলে দেখা হবে পররাষ্ট্র ক্যাডারের পদ খালি আছে কিনা। যদি খালি থাকে তাহলে তিনি পররাষ্ট্র ক্যাডার পাবেন। না থাকলে দ্বিতীয় পছন্দের প্রশাসন ক্যাডার দেখা হবে। প্রশাসনে পদ খালি থাকলে পাবেন, না থাকলে পাবেন না। এরপর তৃতীয় পছন্দের শিক্ষা ক্যাডার সিরিয়ালে আসলে পেশাগত ক্যাডারের সিরিয়াল বিবেচনা করা হবে। পদ খালি থাকলে শিক্ষা ক্যাডার পাবেন। না থাকলে পুনরায় সাধারণ ক্যাডার বিবেচনা করা হবে। এ ক্ষেত্রে প্রথমে দেখা হবে কাস্টমস ক্যাডারের পদ খালি আছে কিনা। এ ভাবে পুরো প্রক্রিয়াটি ক্রমানুযায়ী চলতে থাকবে।

ঙ. কোনো প্রার্থী শুধু কারিগরি/পেশাগত ক্যাডারে (শিক্ষা, স্বাস্থ্য, কৃষি, প্রকৌশল) আবেদন করলে ক্যাডার বন্টনের সময় শুধু প্রার্থীর সংশ্লিষ্ট ক্যাডারটিই বিবেচনা করা হবে। সর্বোচ্চ নম্বর পেলে ও সাধারণ ক্যাডার হওয়ার মতো যথেষ্ট নম্বর থাকলেও প্রার্থী সাধারণ ক্যাডার পাবেন না। কেননা প্রার্থী চয়েসে সাধারণ ক্যাডার দেননি।

সুতরাং ক্যাডার চয়েসের সময় ভালোভাবে জেনেশুনেই তা পূরণ করা উচিত। চয়েস ঠিকমতো দিতে না পারলে অনেক সময় ভালো নম্বর থাকা সাপেক্ষেও অনেকে ক্যাডার হতে পারেন না।

সাধারণ ক্যাডার (১৪টি)

১. বিসিএস (প্রশাসন): যে কোনো গণতান্ত্রিক সরকার কাঠামো দাঁড়িয়ে থাকে ব্যুরোক্র্যাটদের হাত ধরে। এই ব্যুরোক্রাটগণ কিংবা আমলারা প্রশাসন ক্যাডার থেকেই আসেন। অর্থাৎ দেশের নীতিনির্ধারক পর্যায়ে থাকেন প্রশাসন (Administration) ক্যাডারের কর্মকর্তাগণ। তাঁরাই মূলত দেশের পলিসি মেকার। সহজ কথায়, দেশের সব ধরনের পলিসি মেকার হলেন দেশের মন্ত্রিপরিষদ। আর মন্ত্রিপরিষদের সহযোগী হিসেবে মূলত প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণই নেপথ্য ভূমিকা পালন করেন। বাংলাদেশ সরকারের দেশ পরিচালনার ক্ষেত্রে সর্বোচ্চ সহযোগিতা প্রদানের মাধ্যমে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেন প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ। সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডের পলিসি গ্রহণের নেপথ্যে থাকেন মূলত প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণই। সচিবালয় থেকে শুরু করে সরকারের বিভিন্ন মন্ত্রণালয়, অধিদপ্তর, পরিদপ্তর ও বিভাগের উপসচিব থেকে সিনিয়র সচিব পর্যন্ত শতকরা ৭৫ ভাগ পদ প্রশাসন ক্যাডার থেকে ও

বাকি শতকরা ২৫ ভাগ অন্যান্য ক্যাডার থেকে নেওয়া হয়। বিসিএস প্রশাসন ক্যাডারের পদগুলোকে দুইভাগে ভাগ করা যায়। যেমন: সচিবালয় ও মাঠ প্রশাসন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (সচিবালয়ে): সহকারী সচিব থেকে সর্বোচ্চ মন্ত্রিপরিষদ সচিব।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (মাঠপ্রশাসনে): সহকারী কমিশনার থেকে সর্বোচ্চ বিভাগীয় কমিশনার।

পদসোপান (Hierarchy)

সচিবালয়/ কেন্দ্রীয় প্রশাসন (Secretariat/Central Administration)
- ↑ মন্ত্রীপরিষদ সচিব (Cabinet Secretary)
- ↑ সিনিয়র সচিব (Senior Secretary)
- ↑ সচিব (Secretary)
- ↑ অতিরিক্ত সচিব (Add. Secretary)
- ↑ যুগ্ম সচিব (Joint Secretary)
- ↑ উপ সচিব (Deputy Secretary)
- ↑ সিনিয়র সহকারী সচিব (Sr. Asst. Secretary)
- ↑ সহকারী সচিব (Asst. Secretary)

মাঠ প্রশাসন (Field/Local Administration)
- ↑ বিভাগীয় কমিশনার (Divisional Commissioner)
- ↑ অতিরিক্ত বিভাগীয় কমিশনার (Additional DC)
- ↑ ডেপুটি কমিশনার (DC)
- ↑ সিনিয়র সহকারী কমিশনার (Senior Assistant Commissioner)
- ↑ সহকারী কমিশনার (Assistant Commissioner)

পোস্টিং: বিসিএস প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের বর্তমানে চাকরির শুরুতেই সচিবালয়ে নিয়োগ দেওয়া হয় না। মাঠপ্রশাসনে সহকারী কমিশনার হিসেবে নিয়োগ দিয়ে সেখান থেকে ট্রান্সফার বা প্রমোশনের মাধ্যমে সচিবালয়ে পদায়ন করা হয়। মাঠপ্রশাসনে সবচেয়ে গুরুত্বপূর্ণ পদ জেলা প্রশাসক (ডিসি)।

কাজের ক্ষেত্র: দেশের আর্থ সামাজিক উন্নয়নে প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের ভূমিকা সর্বাধিক। তাঁদের কাজের ক্ষেত্র সব ক্যাডারের তুলনায় বেশি। সরকারের সকল উন্নয়ন ও সেবামূলক কর্মকাণ্ডের নীতি গ্রহণে নেপথ্যে থেকে ভূমিকা পালন করে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। সরকার গৃহীত সকল সিদ্ধান্ত বাস্তবায়নে তদারকি ছাড়াও কীভাবে কাজ করলে সর্বাধিক উন্নয়ন নিশ্চিত হবে সে পরামর্শও তাঁরা সরকারকে দিয়ে থাকেন। তৃণমূলের নানা কাজের অগ্রগতির রিপোর্ট সরকারের শীর্ষ পর্যায়ে পৌঁছানো তাঁদের অন্যতম কাজ।

পদোন্নতি সুবিধা: সব ক্যাডারের তুলনায় এ ক্যাডারে পদোন্নতি সুবিধা ভালো। পদের তুলনায় কর্মকর্তা বেশি থাকার পরও প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের পদোন্নতি নিয়মিত ও যথাসময়েই হয়ে থাকে। চাকরির শুরুতে মাঠপ্রশাসনের কর্মকর্তাদের পদায়ন হয় সহকারী কমিশনার হিসেবে। চাকরি নিশ্চিত হলে জ্যেষ্ঠ সহকারী কমিশনার হিসেবে পদোন্নতি হয়। আর-৭/৮ বছরের মধ্যেই

প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা উপজেলা নির্বাহী অফিসার (ইউএনও) হিসেবে পদোন্নতি পান। আবার যাঁদের সচিবালয়ে পদায়ন হয় তাঁরা প্রথমে সহকারী সচিব থেকে জ্যেষ্ঠ সহকারী সচিব হন। মাঠ পর্যায়ের বা সচিবালয়ের সবাই পরবর্তী পদোন্নতি পান উপসচিব হিসেবে। এরপর তাঁরা পদোন্নতি পেতেই থাকেন।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: জেলা, উপজেলা ও বিভাগীয়সহ সকল পর্যায়ের বিভিন্ন অনুষ্ঠানে প্রধান অতিথি হয়ে থাকেন প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ। মোবাইল কোর্ট পরিচালনার ক্ষমতা ও স্বল্প পরিসরে নির্বাহী ম্যাজিস্ট্রেটের ক্ষমতা প্রয়োগ করে থাকেন তাঁরা। বাড়ি ও গাড়ি সুবিধা চাকরিতে যোগদানের শুরু থেকেই পাওয়া যায়। গাড়ি রক্ষণাবেক্ষণের জন্য অর্থসুবিধাও পাওয়া যায়। ব্যক্তিগত সহকারী ও আলাদা অফিস থাকে। উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) হলে সরকারি বাংলো ও গাড়ির সুবিধা পাওয়া যায়। প্রশাসন ক্যাডারের কর্মকর্তাগণ পদোন্নতির মাধ্যমে সর্বোচ্চ মন্ত্রিপরিষদ সচিবও হতে পারেন। উচ্চতর ডিগ্রির জন্য স্কলারশিপ নিয়ে পড়তে যাওয়াসহ নানা ধরনের ট্রেনিংয়ের জন্য বিদেশে যাওয়ার সুযোগ পান। এছাড়া প্রেষণে (ডেপুটেশন) আন্তর্জাতিক বিভিন্ন সংস্থায় কাজের সুযোগও থাকে এ ক্যাডারের কর্মকর্তাদের। চাকরিতে থাকাকালীন এ ক্যাডারের কর্মকর্তাগণ যেমন সর্বাধিক সুবিধা ও গুরুত্ব পান, তেমনি অবসরে গেলেও তাঁদের গুরুত্ব থাকে। অবসর গ্রহণের পরও তাঁরা বিভিন্ন কমিশন, করপোরেশনে পরিচালক ও পরামর্শক হিসেবে উচ্চ বেতনে চুক্তিভিত্তিক নিয়োগ পেয়ে থাকেন।

অসুবিধাসমূহ: সকল ক্যাডারের তুলনায় এ ক্যাডারের কর্মকর্তাদের কাজের চাপ বেশি। তাঁরা যেহেতু সরকারের তথা দেশের সকল সিদ্ধান্ত বাস্তবায়ন প্রক্রিয়ায় যুক্ত থাকেন, সেহেতু তাঁদের দিন রাত কাজ করতে হয়। ছুটির দিনেও কাজ করতে হয় প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের। এছাড়া মাঠপর্যায় থেকে সচিবালয়ে কাজের ক্ষেত্রে নানা রকম রাজনৈতিক চাপ সামলিয়ে কাজ করতে হয় তাঁদের। মাঠপ্রশাসনে ক্ষমতাসীন দলের নেতাদের হস্তক্ষেপ স্বাধীনভাবে কাজের ক্ষেত্রে অনেক সময় বড় বাধা হয়ে থাকে। বিরোধী রাজনৈতিক সংশ্লিষ্টতা থাকলে প্রতিকূল এলাকায় পোস্টিংসহ ওএসডি হওয়া সাধারণ ঘটনা হতে পারে যে কারো ভাগ্যে।

অন্যত্র পদায়ণ সুবিধা: প্রশাসন ক্যাডারের সুবিধা যেহেতু সর্বাধিক তাই অন্যত্র যাওয়ার প্রবণতা থাকে না এ ক্যাডারের কর্মকর্তাদের।

২. বিসিএস (পুলিশ):

বাংলাদেশ পুলিশ বাংলাদেশের একমাত্র আইন-শৃঙ্খলা রক্ষাকারী সংস্থা। সংস্থাটি বাংলাদেশ সরকারের স্বরাষ্ট্র মন্ত্রণালয় কর্তৃক নিয়ন্ত্রিত। আইন প্রয়োগের জন্য বাংলাদেশ সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ প্রতিষ্ঠান হলো পুলিশ প্রশাসন। উপমহাদেশে পুলিশিব্যবস্থা প্রথম বাস্তবায়ন করা হয় মোঘল আমলে। তারপর থেকে ব্রিটিশ এবং পাকিস্তান আমলেও আমাদের দেশে পুলিশি ব্যবস্থা ছিল। শত বছরের ঐতিহ্যের ধারক ও বাহক বাংলাদেশ পুলিশ।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (জাতীয় পর্যায়ে): অ্যাসিস্ট্যান্ট পুলিশ সুপার (এএসপি) থেকে সর্বোচ্চ ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি)।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (মেট্রোপলিটন এলাকায়): সহকারী পুলিশ কমিশনার থেকে সর্বোচ্চ ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ (আইজিপি)।

পদসোপান (Hierarchy)

জাতীয় পর্যায়ে

- মহাপুলিশ পরিদর্শক(IGP)
- অতি.মহাপুলিশ পরিদর্শক (Addi. IGP)
- উপ-মহাপুলিশ পরিদর্শক (DIG)
- অতিরিক্ত উপ-মহাপুলিশ পরিদর্শক (Addi. DIG)
- পুলিশ সুপারিনটেনডেন্ট (SP)
- অতিরিক্ত পুলিশ সুপারিনটেনডেন্ট (Addi. SP)
- সিনিয়র সহকারী পুলিশ সুপারিনটেনডেন্ট (Sr. ASP)
- সহকারী পুলিশ সুপারিনটেনডেন্ট (ASP)

মেট্রোপলিটন এলাকায়

- পুলিশ কমিশনার
- অতিরিক্ত পুলিশ কমিশনার
- জয়েন্ট কমিশনার (পুলিশ)
- ডেপুটি কমিশনার বা ডিসি (পুলিশ)
- অ্যাডিশনাল ডেপুটিকমিশার এডিসি (পুলিশ)
- সিনিয়র অ্যাসিসটেন্ট কমিশনার বা সিনিয়র এসি (পুলিশ)
- অ্যাসিসটেন্ট কমিশনার বা সিনিয়র এসি (পুলিশ)

পোস্টিং ও ট্রেনিং: স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে এএসপি হিসেবে যোগদানের পর এক বছরের প্রশিক্ষণের জন্য রাজশাহীর সারদায় বাংলাদেশ পুলিশ একাডেমিতে থাকতে হবে। বেসামরিক প্রশিক্ষণের মধ্যে পুলিশের প্রশিক্ষণই সর্বাপেক্ষা কার্যকর ও কর্মমুখী। অস্ত্র প্রশিক্ষণ থেকে শুরু করে ড্রাইভিং, ডিফেন্সিভ কৌশল, ঘোড়া চালনা, শারীরিক প্রশিক্ষণ গ্রহণ করতে হয়। বিভাগীয় প্রশিক্ষণের পর বাংলাদেশ পাবলিক অ্যাডমিনিস্ট্রেশন ট্রেনিং সেন্টারে (বিপিএটিসি) বুনিয়াদি প্রশিক্ষণও গ্রহণ করতে হয়। প্রশিক্ষণ শেষে বাংলাদেশের যে কোনো জেলা পুলিশে পদায়ন হয় এ ক্যাডারের কর্মকর্তাদের। এ ছাড়া বিভিন্ন পুলিশ সার্কেল, জেলা ও বিভাগীয় সদর, পুলিশ হেডকোয়ার্টার্স, পুলিশ একাডেমি, পুলিশ স্টাফ কলেজে পদায়ন হতে পারে। জেলায় পুলিশ সুপার (এসপি) পদ খুবই প্রভাবশালী।

কাজের ক্ষেত্র: বৈচিত্র্যপূর্ণ, বহুমুখী ও বিস্তীর্ণ পরিসরে কাজ করতে হয় পুলিশ ক্যাডারের কর্মকর্তাদের। রাজনৈতিক, আর্থ সামাজিক ও রাষ্ট্রীয় জীবনের সবক্ষেত্রে মানুষ পুলিশের ওপর ব্যাপকভাবে নির্ভরশীল। অভ্যন্তরীণ শান্তি-শৃঙ্খলার দায়িত্ব পালনকারী বাহিনীর সদস্য হিসেবে এ ক্যাডারের কর্মকর্তাদের রাষ্ট্রের অতি গুরুত্বপূর্ণ থেকে শুরু করে সাধারণ জনগণের নিরাপত্তা নিশ্চিত করতে হয়। কর্মজীবনের শুরুতে জেলা পুলিশে কাজের সময় পুলিশ সার্কেল হিসেবে কয়েকটি থানার দায়িত্ব পালন করতে হয় এএসপিদের। পুলিশ রেঞ্জ, র‍্যাব, সোয়াট, এপিবিএন, ইন্ডাস্ট্রিয়াল পুলিশ, হাইওয়ে পুলিশ, রেলওয়ে পুলিশ, ট্যুরিস্ট পুলিশ, এসএসএফসহ পুলিশের নানা বিভাগে কাজ করা যায়। পুলিশিং কোনো সময় নির্দিষ্ট চাকরি নয়। একজন পুলিশ অফিসার দিনের ২৪ ঘণ্টা এবং

সপ্তাহের ৭ দিনই পুলিশ অফিসার। একই সঙ্গে, দালিলিক কাজের চাইতে বাস্তবিক জীবনের সামাজিক নানা সমস্যার সমাধান এবং আইন শৃঙ্খলা রক্ষার কাজ পুরোটাই বৈচিত্র্যপূর্ণ।

পদোন্নতি সুবিধা: যে কয়টি ক্যাডারে দ্রুত ও স্বল্প সময়ে পদোন্নতি হয়, পুলিশ তার মধ্যে অন্যতম। সুষ্ঠুভাবে ও দায়িত্বশীল থেকে কর্ম সম্পাদন করলে অতি অল্প সময়ে পদোন্নতি পেয়ে শীর্ষপদে আসীন হতে পারেন পুলিশ ক্যাডারের কর্মকর্তাগণ। এএসপি থেকে আইজিপি পর্যন্ত পদোন্নতির সুযোগ রয়েছে পুলিশ ক্যাডারে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: পুলিশ ক্যাডারে যোগদানের সাথে সাথেই সার্বক্ষণিক গাড়ি সুবিধা, গাড়ীর ড্রাইভার ও বডিগার্ড সুবিধা পাওয়া যায়। পুলিশ ক্যাডার থেকে র‍্যাব ছাড়াও অন্যান্য বিশেষ বাহিনীতে যোগ দেওয়া যায়। সেক্ষেত্রে রেগুলার বেতনের সাথে অতিরিক্ত ভাতা পাওয়া যায়। বিশেষ বাহিনী হওয়ায় পুলিশ সদস্যদের ইউনিফর্ম পরিধান করতে হয় এবং এ জন্য আলাদা ভাতাও পেয়ে থাকেন পুলিশ সদস্যরা। এ ছাড়া রেশন সুবিধা তো থাকেই। চাকরিজীবনে বিদেশে বিশেষ প্রশিক্ষণের সুযোগ ছাড়াও বাংলাদেশ পুলিশ ১৯৮৯ সাল থেকে জাতিসংঘের শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করার ফলে বাৎসরিক মূল বেতনের বাইরে ৪০ থেকে ৬০ লক্ষ টাকা আয়ের সুযোগ পেয়ে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। ঝুঁকি ভাতা ও পুলিশ হাসপাতালে চিকিৎসার বিশেষ সুযোগ থাকে এ ক্যাডারের কর্মকর্তাদের। এককথায় সামাজিক অবস্থান ও সুযোগ-সুবিধার দিক থেকে সব ক্যাডারের থেকে এগিয়ে থাকেন পুলিশ ক্যাডারের কর্মকর্তাগণ।

অসুবিধাসমূহ: সার্বক্ষণিক কাজ করতে হয় পুলিশ ক্যাডারের কর্মকর্তাদের। নির্ধারিত অফিস সময় থাকে না বললেই চলে। অনেক সময় গভীর রাতেও অপারেশনে যেতে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের।

অন্যত্র পদায়ণ সুবিধা: পুলিশ ক্যাডারের সুযোগ-সুবিধা তুলনামূলকভাবে বেশি থাকায় কর্মকর্তাগণের অন্য ক্যাডারে যাওয়ার প্রবণতা নেই বললেই চলে।

৩. বিসিএস (পররাষ্ট্র): বর্তমান বিশ্ব রাজনীতিতে Foreign Policy অপরিহার্য একটি বিষয়ে পরিণত হয়েছে। Foreign Policy-এর মাধ্যমেই বিশ্বের শক্তিধর থেকে দুর্বল রাষ্ট্রগুলোর আমদানি-রপ্তানি থেকে শুরু করে বাণিজ্যনীতি, সামরিক-বেসামরিক তৎপরতা ও স্বার্থ সংশ্লিষ্ট সব ধরনের কার্য সম্পন্ন হয়ে থাকে। বিশ্বের কোনো রাষ্ট্রই এখন কূটনৈতিক (Diplomatic) তৎপরতা ছাড়া চলতে পারে না। আর আন্তর্জাতিক রাজনীতির কূটনীতির (Diplomacy) এ কাজটি পরিচালিত হয় কূটনীতিকদের (Diplomates) মাধ্যমে। নিজের দেশকে রিপ্রেজেন্ট করতে রাষ্ট্রদূত বা কূটনীতিকেরা যে ভূমিকা পালন করেন তা অন্য শ্রেণি-পেশার মানুষের পক্ষে অনেক কঠিন কাজ। এখানে দায়িত্বের পরিধি যতটা ব্যাপক তেমনি পেশা হিসেবে কতটা সম্মানজনক তা সবাই কমবেশি জানেন। প্রত্যেক দেশের রাজনীতিবিদরা তাদের পররাষ্ট্র দপ্তরের কর্মকর্তাদের মাধ্যমে পররাষ্ট্রনীতি পরিচালনার কাজটি করে থাকেন। তাই, বিসিএস পরীক্ষায় তরুণদের পছন্দের তালিকায় শীর্ষে থাকে পররাষ্ট্র ক্যাডার।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী সচিব থেকে সর্বোচ্চ সিনিয়র সচিব (ফরেন সেক্রেটারী) পর্যন্ত পদমর্যাদায় আসীন হওয়া যায়।

CamScanner

পদসোপান
(Hierarchy)

পররাষ্ট্র মন্ত্রণালয়ে (In the Headquarters)

- সিনিয়র সচিব (Foreign Secretary)
- ↓ সচিব (Secretary)
- ↓ অতিরিক্ত সচিব (Addl. Foreign Secretary)
- ↓ মহাপরিচালক (Director General)
- ↓ পরিচালক (Director)
- ↓ সিনিয়র সহকারী সচিব (Senior Asst. Secretary)
- ↓ সহকারী সচিব (Asst. Secretary)

বিদেশের মিশনসমূহে (In the Mission Abroad)

- Ambassador/High Commissioner
- ↓ Deputy High Commissioner/Minister/consul General
- ↓ Counsellor
- ↓ First Secretary
- ↓ Second Secretary
- ↓ Third Secretary

পোস্টিং: চাকুরি জীবনের শুরুতেই পররাষ্ট্র মন্ত্রণালয়ে (ঢাকার সেগুনবাগিচায় অবস্থিত) সহকারী সচিব হিসেবে যোগদান করতে হয়। এ সময় কর্মকর্তাদের পররাষ্ট্র মন্ত্রণালয়ের নানা কাজে সহায়তা করতে হয়। ঢাকার বেইলী রোডে পররাষ্ট্র ক্যাডারের কর্মকর্তাদের বিভাগীয় ট্রেনিং হয়। ট্রেনিং এর পর দেশে ২-৩ বছর কাজের পর বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোতে পদায়ন পান এ ক্যাডারের কর্মকর্তাগণ। তবে প্রশিক্ষণের সঙ্গে সঙ্গে কাউকে বিদেশের অবস্থিত বাংলাদেশের দূতাবাসে নিয়োগ দেয়া হয় না।

কাজের ক্ষেত্র: শুরুতে পররাষ্ট্র মন্ত্রণালয়ে যোগদান করার পর চাকরি স্থায়ী হলে কর্মকর্তাগণকে দূতাবাসে পদায়নের জন্য বিবেচনা করা হয়। সেখানে থার্ড সেক্রেটারী হিসেবে যোগদান করতে

হয়। ছয় বছর দুই দেশে কাজ করার পর তিন বছরের জন্য ঢাকায় পোস্টিং হয়। উইংয়ের ভিত্তিতে একজন সহকারী সচিবের কাজের ধরন ও ক্ষেত্র নির্ভর করে। অঞ্চলভিত্তিক উইংগুলোর কাজ সাধারণত একই রকম হয়। যেমন: নির্দিষ্ট অঞ্চলের ওপর নির্দিষ্ট তথ্য সংগ্রহ করা; গবেষণা উইংয়ের ক্ষেত্রে বিভিন্ন পরিকল্পনা ও চুক্তির জন্য প্রয়োজনীয় খসড়া বানানো; প্রটোকল উইংয়ের ক্ষেত্রে বিদেশ থেকে আগত অতিথিদের দেখ ভাল করা; প্রশাসন উইংয়ের ক্ষেত্রে প্রশিক্ষণ ব্যবস্থাপনা ও প্রশাসনিক কর্মকাণ্ডে সহযোগিতা করা।

পদোন্নতি সুবিধা: লোকবল কম থাকায় পররাষ্ট্র ক্যাডারে পদোন্নতির সুবিধা অনেক ভালো। যে তিন-চারটি ক্যাডারে দ্রুততম সময়ে পদোন্নতি পাওয়া যায় তার মধ্যে পররাষ্ট্র ক্যাডার অন্যতম।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসগুলোতে পদায়নরত থাকলে ডলারে বেতন-ভাতা পান পররাষ্ট্র ক্যাডারের কর্মকর্তাগণ। দেশে-বিদেশে নানা ধরনের প্রশিক্ষণের সুযোগ ও প্রশিক্ষণ ভাতা সরকার বহন করে থাকে। বৈদেশিক ভাতাসহ বিদেশে চাকুরিকালীন সময়ে বাসস্থান, দুই সন্তানের পড়াশোনার খরচ এবং চিকিৎসাব্যয় বিধি মোতাবেক সরকার বহন করে। বিদেশের প্রশিক্ষণ ও ট্যুরের নানা সুযোগ পান এ ক্যাডারের কর্মকর্তাগণ। এ ছাড়া বিশ্বের নানা দেশে ভ্রমণের অবারিত সুযোগ পান এ ক্যাডারের কর্মকর্তা ও তাঁদের পরিবারবর্গ। কূটনৈতিক হলে বা না হলেও এ ক্যাডারের কর্মকর্তা ও তাদের পরিবারবর্গ কূটনীতিকের মর্যাদা ভোগ করে থাকেন। বিদেশে অবস্থানকালে করমুক্ত গাড়ি সুবিধা পাওয়া যায়। সরকারি ব্যয়ে নিতে পারেন একজন গৃহপরিচারক। রাষ্ট্রদূতেরা সরকারি খরচে একজন বাবুর্চি ও একজন মালি নিয়োগ দিতে পারেন।

অসুবিধাসমূহ: চাকরিজীবনের শুরুতই প্রশাসন ও পুলিশ ক্যাডারের কর্মকর্তাদের মতো গাড়ি সুবিধা পান না পররাষ্ট্র ক্যাডারের কর্মকর্তাগণ। এ ক্যাডারের কর্মকর্তাদের সাধারণত ২/৩-বছর পরপর এক দেশ থেকে অন্য দেশে ট্রান্সফার করা হয়। ফলে কর্মকর্তাদের নানা সমস্যায় পড়তে হয়। বিশেষত সন্তানদের পড়াশোনার ক্ষেত্রে বাধার সৃষ্টি হয়ে থাকে। তাছাড়া ভিন্ন ভিন্ন দেশের প্রতিকূল আবহাওয়ায় খাপ খাইয়ে নিতেও বেশ কষ্ট হয়ে থাকে।

অন্যত্র পদায়ণ সুবিধা: সুযোগ-সুবিধার দিক থেকে এগিয়ে থাকায় পররাষ্ট্র ক্যাডারের কর্মকর্তাদের অন্য ক্যাডারে যান না বললেই চলে।

৪. বিসিএস (কর):

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের (আইআরডি) আওতাধীন এনবিআর এর একটি শাখা ট্যাক্স উইং বা আয়কর বিভাগ। প্রত্যক্ষ রাজস্ব আহরণের জন্য বাংলাদেশ সরকারের একমাত্র বিভাগ হলো এই আয়কর বিভাগ। প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা এনবিআর-এর চেয়ারম্যান হিসেবে নিযুক্ত হন।

আদ্যিপদ ও শীর্ষপদ: জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী কর কমিশনার থেকে জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য পর্যন্ত পদে আসীন হওয়া যায়।

CamScanner

পদসোপান (Hierarchy)

↓
জাতীয় রাজস্ব বোর্ডের সদস্য (Member of NBR)
↑
কর কমিশনার (Tax Commissioner)
↑
অতিরিক্ত কর কমিশনার (Addi.Tax Commissioner)
↑
যুগ্ম কর কমিশনার (Joint Tax Commissioner)
↑
উপ কর কমিশনার (Deputy Tax Commissioner)

পোস্টিং: চাকরি জীবনের শুরুতে সাধারণত ঢাকার বাইরে থাকতে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের। তবে কয়েক বছরের মধ্যে ঢাকায় সদর দপ্তরসহ সারাদেশের বিভিন্ন কর অঞ্চল ও কর সার্কেলে পদায়ন করা হয় কর্মকর্তাদের।

কাজের ক্ষেত্র: কর ক্যাডারের কর্মকর্তাদের কাজের ক্ষেত্র ব্যাপক। প্রত্যক্ষ রাজস্ব আহরণের জন্য বাংলাদেশ সরকারের একমাত্র বিভাগ হলো আয়কর বিভাগ। প্রতিবছর তারা আয়কর রিটার্ন দাখিল করেন। সরকারি-বেসরকারি কোনো আয়ের বিষয়ে তারা সেন্ট্রাল ইন্টেলিজেন্স সেল হিসেবে গোয়েন্দা কার্যক্রম পরিচালনা করে থাকেন। এ ক্ষেত্রে আহরিত রাজস্বের একটা অংশ ইনসেনটিভ (Grant of Rewards) হিসেবে পেয়ে থাকেন কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি সুবিধা বেশ ভালো। দ্রুতই পদোন্নতি পান এ ক্যাডারের কর্মকর্তাগণ।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: আয়কর ফাঁকি ধরতে পারলে আনুপাতিক হারে আর্থিক সুবিধা পেয়ে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। পরিবহন তথা গাড়ী সুবিধাসহ সিনিয়রিটির ভিত্তিতে বাসস্থান সুবিধাও পাওয়া যায় এ ক্যাডারে। প্রমোশনের মাধ্যমে উর্ধ্বতন পর্যায়ের কর্মকর্তা হলে বড় বড় ব্যবসায়ীদের সঙ্গে যোগাযোগ বেড়ে যায় এবং প্রভাব খাটানো যায় তাদের ওপর।

অসুবিধাসমূহ: কাজের চাপ সারাবছর তেমন থাকে না। তবে আয়কর রিটার্ন দাখিলের সময় কাজের প্রচণ্ড চাপ সামলাতে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের। এ ছাড়া কর ফাঁকিবাজ, তদবীরবাজদের এবং রাজনৈতিক কিছু নেতার অন্যায় প্রভাব সামলিয়ে কখনো কখনো কাজ করতে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের।

অন্যত্র পদায়ণ সুবিধা: কর ক্যাডার থেকে অনেকেই প্রশাসন ক্যাডারে চলে যান। যুগ্মসচিব সমপদমর্যাদার একজন কর ক্যাডারের কর্মকর্তা যুগ্ম কর কমিশনার হওয়ার পূর্বেই উপসচিব হয়ে প্রশাসন ক্যাডারে যেতে পারেন।

৫. বিসিএস (শুল্ক ও আবগারি):

অর্থ মন্ত্রণালয়ের অভ্যন্তরীণ সম্পদ বিভাগের (আইআরডি) আওতাধীন এনবিআর এর একটি শাখা বা উইং এর অধীনে কাজ করেন শুল্ক ও আবগারি তথা কাস্টমস ক্যাডারের কর্মকর্তাগণ। কাস্টমস ক্যাডারের নিয়ন্ত্রণকারী প্রতিষ্ঠান এনবিআর-এর চেয়ারম্যান হয়ে থাকেন প্রশাসন ক্যাডারের একজন কর্মকর্তা।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: জাতীয় রাজস্ব বোর্ডের সহকারী কমিশনার থেকে জাতীয় রাজস্ব বোর্ডের চেয়ারম্যান পর্যন্ত হতে পারেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদসোপান (Hierarchy)

↓
চেয়ারম্যান (জাতীয় রাজস্ব বোর্ড) (Chairmen of NBR)
↑
সদস্য (জাতীয় রাজস্ব বোর্ড) (Member of NBR)
↑
কমিশনার (Commissioner)
↑
অতিরিক্ত কমিশনার (Addi. Commissioner)
↑
যুগ্ম কমিশনার (Joint Commissioner)
↑
উপ কমিশনার (Deputy Commissioner)
↑
সহকারী কমিশনার (Assistant Commissioner)

পোস্টিং: প্রথম পদায়ন সাধারণত জেলা শহরে হয়ে থাকে। কয়েক বছরের মধ্যে ঢাকাসহ অন্যান্য বিভাগীয় শহরে পদায়ন করা হয়ে থাকে এ ক্যাডারের কর্মকর্তাগণকে। পদায়ন যেখানেই হোক না কেন কোনো স্থানে সাধারণত দুই বছরের বেশি কর্মস্থল থাকে না এ ক্যাডারের কর্মকর্তাদের।

কাজের ক্ষেত্র: সরকারের পক্ষে পরোক্ষ কর আহরণের কাজ করে শুল্ক ও আবগারি বিভাগ। শুল্ক গোয়েন্দা হিসেবেও কাজ করেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। কাস্টমস হাউস, স্থলবন্দর-এ কাজ করেন কাস্টমস ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি দ্রুতই হয়ে থাকে কাস্টমস ক্যাডারে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: সুযোগ-সুবিধার দিক থেকে এ ক্যাডারের কর্মকর্তাগণ অনেক ক্যাডারের তুলনায় এগিয়ে। চাকরিতে যোগদানের সঙ্গে সঙ্গেই গাড়ী পেয়ে থাকেন কর্মকর্তাগণ। এ ছাড়া বাসস্থান সুবিধাও পান। বৈধ উপায়ে প্রচুর আয় করার সুযোগ একমাত্র কাস্টমস ক্যাডারেই রয়েছে। শুল্ক ফাঁকি ও চোরাচালান ধরতে পারলে সরকারি নিয়মানুযায়ী ১০ থেকে ৪০ শতাংশ পর্যন্ত ইনসেনটিভ (Grant of Rewards) হিসেবে পান এ ক্যাডারের কর্মকর্তাগণ। যা অনেক সময় কোটি টাকারও অধিক হয়ে থাকে। বিদেশ ভ্রমণ ও সরকারি স্কলারশিপে পড়াশোনার সুযোগ আছে এ ক্যাডারের কর্মকর্তাগণের। দেশের প্রভাবশালী ব্যবসায়ী ও আমদানি রপ্তানিকারকদের সঙ্গে যোগাযোগ থাকায় অনেক কর্মকর্তা বিশেষ সুযোগ-সুবিধাও গ্রহণের সুযোগ নিয়ে থাকেন অনেক ক্ষেত্রে।

CS CamScanner

অসুবিধাসমূহ: স্থল বন্দরগুলোতে কাজের ক্ষেত্রে চাপ একটু বেশি থাকে। এ ক্ষেত্রে অফিস সময়ের বাইরেও অনেক সময় কাজ করতে হয়। এ ছাড়া ভ্যাট ফাঁকিবাজ, চোরাকারবারি, তদবীরবাজ ও রাজনৈতিক নেতাদের সামলাতে বেশ বেগ পেতে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের।

অন্যত্র পদায়ণ সুবিধা: পুল সিস্টেমের মাধ্যমে যুগ্ম সচিব পদমর্যাদার কমিশনার হওয়ার পূর্বেই অনেক কর্মকর্তা উপ-সচিব হয়ে প্রশাসন ক্যাডারে চলে যেতে পারেন।

৬. বিসিএস (নিরীক্ষা ও হিসাব):

বাংলাদেশের বিভিন্ন সরকারি প্রতিষ্ঠানের বার্ষিক আয়-ব্যয়ের হিসাব নিকাশ ও অর্থনৈতিক কর্মকাণ্ডের নিরীক্ষা চালানোর জন্য বিসিএস নিরীক্ষা ও হিসাব ক্যাডারের কর্মকর্তাগণ নিয়োজিত থাকেন। কর আদায় ও বার্ষিক আয়-ব্যয়ের ক্ষেত্রে যেকোনো ধরনের অনিয়ম ও অস্বাভাবিকতার অনুসন্ধান ও তা দূর করার লক্ষ্যে কাজ করে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। এ ক্যাডারের শীর্ষ পদটি (Comptroller and Auditor General ev CAG) একটি সাংবিধানিক পদ।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: মহাহিসাব নিরীক্ষক এর কার্যালয়ের সহকারী হিসাব নিরীক্ষক থেকে মহাহিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক (সাংবিধানিক পদ) পদে আসীন হতে পারেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদসোপান (Hierarchy)

↓

মহা হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

↑

হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

↑

অতিরিক্ত হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

↑

উপ-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক

↑

সহকারী নিরীক্ষক ও নিয়ন্ত্রক

পোস্টিং: ঢাকায় ও বিভাগীয় শহরগুলোতে পদায়ন করা হয়ে থাকে এ ক্যাডারের কর্মকর্তাগণকে। এর বাইরে উপজেলা ওজেলা পর্যায়ে হিসাবরক্ষণ কার্যালয় আর প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয়ে একজন সহকারী মহা-হিসাবরক্ষণ কর্মকর্তাকে নিয়োগ দেয়া হতে পারে। তবে ৯০ শতাংশ পদায়ন ঢাকায় হয়ে থাকে।

কাজের ক্ষেত্র: বিসিএস নিরীক্ষা ও হিসাব ক্যাডারের কর্মকর্তাগণের কাজের ক্ষেত্র অনেক। এ বাংলাদেশ সরকারের অর্থ সংক্রান্ত সব ধরনের কাজের হিসাব-নিকাশ ও তদন্ত করে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। সরকারি সকল কর্মকর্তা কর্মচারীর বেতন ভাতা থেকে শুরু করে পেনশন, ক্রয়, জ্বালানি বিল, ট্রেনিং বিল ছাড়াও সব ধরনের অর্থ ব্যয়ের ক্ষেত্রে পর্যবেক্ষকের দায়িত্ব পালন করেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। সরকারি বিভিন্ন প্রকল্পের অর্থবিষয়ক তদারকিও করে থাকেন নিরীক্ষা ও হিসাব ক্যাডারের কর্মকর্তাগণ। এ ক্যাডারের কর্মকর্তাগণ দেশে ও দেশের বাইরে সরকারের সকল অফিসেই বিচরণ করেন। বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয় ও বিভাগে Chief Accounts Officer-এর অফিস রয়েছে।

পদোন্নতি সুবিধা: পদোন্নতিসুবিধা বেশ ভালো। যথাসময়েই সাধারণত পদোন্নতি হয়ে থাকে কর্মকর্তাদের।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: প্রশাসন, পুলিশসহ সকল ক্যাডার নিরীক্ষা ও হিসাব ক্যাডারের কর্মকর্তাগণকে বিশেষ সম্মান দিয়ে থাকেন। কেননা সব সরকারি অফিসে এ ক্যাডারের কর্মকর্তাদের পদচারণা থাকে। গাড়ী সুবিধা আছে এ ক্যাডারের কর্মকর্তাদের জন্য। বিনা খরচে বিদেশ ভ্রমণ ছাড়াও বৈদেশিক ট্রেনিং ও ট্যুরের সুবিধা রয়েছে।

অসুবিধাসমূহ: সরকারি অর্থের বিভিন্ন প্রতিষ্ঠানের তদারকি করাই যেহেতু নিরীক্ষা ও হিসাব ক্যাডার কর্মকর্তাদের কাজ সুতরাং দুর্নীতিবাজ ও দলীয় ব্যক্তিদের প্রভাব মোকাবিলা করে কাজ করতে কখনো কখনো একটু চ্যালেঞ্জের মুখে পড়তে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের।

৭. বিসিএস (আনসার):

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী প্রতিষ্ঠালগ্ন থেকে দেশের আইনশৃঙ্খলা রক্ষার পাশাপাশি সরকারি ও বেসরকারি সংস্থার নিরাপত্তা রক্ষা, ট্রাফিক নিয়ন্ত্রণ, জননিরাপত্তা মূলক কাজ, দুর্যোগ ব্যবস্থাপনা, দারিদ্র্য বিমোচন, নারীর ক্ষমতায়ন, বিভিন্ন অনুষ্ঠানের নিরাপত্তাসহ আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন গুরুত্বপূর্ণ দায়িত্ব পালন করে আসছে।

পদসোপান (Hierarchy)

↓

মহাহিসাব (Director General)

↑

উপ-মহাপরিচালক (Deputy Director General)

↑

পরিচালক (Director)

↑

উপ- পরিচালক (Deputy Director)

↑

সহকারী জেলা অ্যাডজুটেন্ট

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী পরিচালক বা সহকারী জেলা অ্যাডজুটেন্ট থেকে সর্বোচ্চ উপ-মহাপরিচালক হওয়ার সুযোগ থাকে।

পোস্টিং: বিসিএস আনসার ক্যাডারের কর্মকর্তাগণ আনসার ও ভিডিপি অধিদপ্তরের অধীনে সহকারী জেলা অ্যাডজুটেন্ট হিসেবে যোগদান করেন। বাংলাদেশ আনসার গঠিত আটটি (৮) রেঞ্জের সমন্বয়ে। দেশের প্রধান আটটি শহরে রেঞ্জ হেড কোয়ার্টারগুলো অবস্থিত। পদায়ন হয়ে থাকে ঢাকায় বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর সদর দপ্তরে বা রেঞ্জগুলোর যে কোনোটিতে।

কাজের ক্ষেত্র: আনসার-ভিডিপি ছয় লক্ষাধিক সদস্য নিয়ে দেশের প্রতিটি গ্রামে-শহরে দায়িত্ব পালন করে আনসার বাহিনী। আনসার ক্যাডারের কর্মকর্তাগণ আনসার ক্যাডারের কর্মকর্তাদের বিভাগীয় ট্রেনিং হয় গাজীপুরে আনসার ও ভিডিপি একাডেমিতে।

পদোন্নতি সুবিধা: বেশ ভালো। তবে খুব দ্রুত পদোন্নতি হয় না। তবে পদোন্নতির মাধ্যমে মহাপরিচালকও হতে পারেন আনসার ক্যাডারের কর্মকর্তাগণ।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ তেমন নেই। পরিবহণ ও বাসস্থান সুবিধা পাওয়া যায়।

CamScanner

অসুবিধাসমূহ: কখনো কখনো বাংলাদেশ সেনাবাহিনীর মেজর জেনারেল পদমর্যাদার কর্মকর্তাকে পদায়ন করা হয় মহাপরিচালক হিসেবে।

৮. বিসিএস খাদ্য:

খাদ্য মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ একটি মন্ত্রণালয়। দেশের সকল মানুষের জন্য নির্ভরযোগ্য খাদ্য নিরাপত্তা ব্যবস্থা নিশ্চিতকরণের উদ্দেশ্যে এই সংস্থাটি গঠিত ও পরিচালিত হয়ে থাকে।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী খাদ্য নিয়ন্ত্রক থেকে খাদ্য মহাপরিচালক পদে অধিষ্ঠিত হওয়ার সুযোগ রয়েছে।

পদসোপান (Hierarchy)
↓
মহাপরিচালক (Director General)
↑
অতিরিক্ত-মহাপরিচালক (Addi. Director General)
↑
পরিচালক (Director)
↑
অতিরিক্ত পরিচালক/আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক (Addi. Director)
↑
জেলা অ্যাডজুটেন্ট (District Controller of Food)
↑
সহকারী জেলা অ্যাডজুটেন্ট (Assistant Controller of Food)

পোস্টিং: খাদ্য মন্ত্রণালয়ে যোগদানের পর খাদ্য অধিদপ্তরে পদায়ন করা হয়। খাদ্য অধিদপ্তর থেকে পরবর্তীতে বাংলাদেশের যে কোনো জেলায় পদায়ন করা হয়।

কাজের ক্ষেত্র: সারা দেশে সরকারের যত খাদ্য গুদাম রয়েছে তা খাদ্য ক্যাডারের কর্মকর্তাদের মাধ্যমে পরিচালিত হয়। এ ক্যাডারের কর্মকর্তাগণ দেশের সাধারণ জনগণের নিকট থেকে ন্যায্যমূল্যে সব ধরনের খাদ্যশস্য সংগ্রহের কাজ করে থাকেন। ফলে দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের সঙ্গে তাদের কাজ করতে হয়। খাদ্যশস্যের বাজারমূল্য স্থিতিশীল রাখার ক্ষেত্রেও খাদ্য ক্যাডারের কর্মকর্তাগণ ভূমিকা রাখেন। এ ছাড়া বিদেশ থেকে খাদ্যপণ্য আমদানিসহ বাংলাদেশ সরকারের নানারকম সামাজিক কর্মসূচির অংশ হিসেবে ওএমএস, ভিজিএফ, কাবিখা ইত্যাদির মাধ্যমে খাদ্যপণ্য বিতরণও করে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাদের কাজের অন্যতম ক্ষেত্র।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি সুবিধা যথেষ্ট ভালো। যথাসময়েই পদোন্নতি পেয়ে থাকেন খাদ্য ক্যাডারের কর্মকর্তাগণ।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: যোগদানের পরপরই যাতায়াত সুবিধা পাওয়া যায়। তবে জেলা খাদ্য নিয়ন্ত্রক হলে গাড়ী পাওয়া যায়। কাজের চাপ তেমন নেই।

অসুবিধাসমূহ: খাদ্যশস্য সংগ্রহের জন্য গ্রামের সাধারণ মানুষের সঙ্গে কাজ করতে হয় বলে কেউ কেউ এ ক্যাডার অপছন্দ করেন। আবার অনেকে মনে করেন এ ক্যাডারের কর্মকর্তাগণ দুর্নীতিপরায়ণ হয়ে থাকেন।

অন্যত্র পদায়ণ সুবিধা: খাদ্য ক্যাডারের কর্মকর্তাগণ চাকরি জীবনের শেষদিকে প্রশাসন ক্যাডারে যেতে পারেন।

৯. বিসিএস তথ্য:

বাংলাদেশ সিভিল সার্ভিসের (বিসিএস) ১৪টি সাধারণ ক্যাডারের একটি তথ্য ক্যাডার। এ ক্যাডারের অফিসারগণ মিডিয়া, কমিউনিকেশন ও পাবলিক রিলেশন (গণসংযোগ) নিয়ে কাজ করে থাকেন। তথ্য ক্যাডারে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তাদের তিনটি উপধারায় ভাগ করে নিয়োগ দেওয়া হয়। যেমন: বার্তা বিভাগ, প্রকৌশল বিভাগ ও বেতার।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী পরিচালক থেকে মহাপরিচালক পদে আসীন হওয়ার সুযোগ রয়েছে।

পদসোপান (Hierarchy)
↓
মহাপরিচালক (Director General)
↑
পরিচালক (Director)
↑
উপ-পরিচালক (Deputy Director)
↑
সহকারী পরিচালক / জেলা তথ্য অফিসার (Assistant Director)

পোস্টিং: তথ্য ক্যাডারের কর্মকর্তাগণ গণযোগাযোগ অধিদপ্তরের অধীনে জেলা তথ্য কর্মকর্তা হিসেবে নিয়োগ পেতে পারেন অথবা তথ্য অধিদপ্তর, বাংলাদেশ বেতার, বিভিন্ন মন্ত্রণালয়ের মন্ত্রী মহোদয়ের গণযোগাযোগ কর্মকর্তা হিসেবে ঢাকায় যোগদান করতে পারেন।

কাজের ক্ষেত্র: টিভি ও বেতারে সংবাদ প্রচারসহ যাবতীয় কাজ করতে হয় বার্তা বিভাগের সহকারী পরিচালকদের। আবার প্রকৌশল বিভাগের কর্মকর্তাগণকে প্রকৌশল বিভাগে কাজ করতে হয়। জেলা তথ্য কর্মকর্তাকে সরকারের গৃহীত বিভিন্ন নীতিমালা ও উন্নয়ন কর্মসূচি সঙ্গে জনগণকে সম্পৃক্ত করতে বিভিন্ন সভা, সেমিনার, আলোচনাসভা থেকে শুরু করে সঙ্গীতানুষ্ঠান আয়োজনের দায়িত্বও পালন করতে হয়।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি অত্যন্ত ধীরগতির। দীর্ঘদিন একই পদে রয়েছেন তথ্য ক্যাডারের অনেক কর্মকর্তা।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ তেমন নেই। ছুটিও কাটানো যায় বেশ।

অসুবিধাসমূহ: তথ্য ক্যাডার তিনটি উপধারায় বিভক্ত। কিন্তু তিনটি অংশের মধ্যে পারস্পরিক সমন্বয় না থাকায় এ ক্যাডারে পারস্পরিক অসন্তোষ চরম পর্যায়ে পৌঁছেছে। এ ক্যাডারের কর্মকর্তাগণ অন্যান্য ক্যাডারের তুলনায় কিছুটা বঞ্চিত। বাংলাদেশে সরকারি কর্মকমিশনের মাধ্যমে যোগ্যতার প্রমাণ দিয়ে ক্যাডার সার্ভিসে প্রবেশ করলেও তথ্য ক্যাডারের কর্মকর্তাদের পদোন্নতি সময়মতো হয় না। এমনকি চাকরি জীবনের ১৫-২০ বছরেও বহু সিনিয়র তথ্য অফিসার পদোন্নতি পান না। এ ছাড়া এ ক্যাডারে ব্যাপক বিভেদ, বিভক্তি, বিশৃঙ্খলা ও বৈষম্য বিদ্যমান।

CamScanner

অন্যত্র পদায়ন সুবিধা: অনেকে পদোন্নতির মাধ্যমে উপসচিব হিসেবে প্রশাসন ক্যাডারে চলে যান তথ্য ক্যাডার থেকে।

১০. বিসিএস (বাণিজ্য):

বাংলাদেশ সরকারের অন্যতম গুরুত্বপূর্ণ একটি মন্ত্রণালয় হচ্ছে বাণিজ্য মন্ত্রণালয়। এই মন্ত্রণালয়ের কার্যক্রম পরিচালনার জন্য বেশ কয়েকটি অধীনস্ত দপ্তর/সংস্থা রয়েছে। বাণিজ্য ক্যাডারের কর্মকর্তাগণ মন্ত্রণালয় ও বিভাগ বা দপ্তরগুলোর সার্বিক কর্মকাণ্ড পরিচালনা করেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী নিয়ন্ত্রক থেকে শীর্ষপদ প্রধান নিয়ন্ত্রক পর্যন্ত হওয়ার সুযোগ আছে এ ক্যাডারের কর্মকর্তাগণের।

পদসোপান (Hierarchy)
↓
প্রধান নিয়ন্ত্রক (Chief Controller)
↑
অতিরিক্ত প্রধান নিয়ন্ত্রক (Add. Chief Controller)
↑
নিয়ন্ত্রক (Controller)
↑
যুগ্ম নিয়ন্ত্রক (Joint Controller)
↑
উপ নিয়ন্ত্রক (Deputy Controller)
↑
সহকারী নিয়ন্ত্রক (Assistant Controller)

পোস্টিং: এই ক্যাডারের কর্মকর্তাগণের পদায়ন বাণিজ্য মন্ত্রণালয় বা যে কোনো বিভাগীয় শহরে হয়ে থাকে। এ ছাড়া বাণিজ্য মন্ত্রণালয় ও বিভাগীয় শহরের বাইরে অবস্থিত আঞ্চলিক দপ্তরসমূহেও পদায়ন করা হতে পারে বাণিজ্য কাডারের কর্মকর্তাদের। পরবর্তীতে বিদেশে অবস্থিত বাংলাদেশি দূতাবাসগুলোতেও পোস্টিং হতে পারে।

কাজের ক্ষেত্র: বাংলাদেশ সরকারের আমদানি-রপ্তানি তথা বাণিজ্য বিষয়ক সার্বিক কার্যাবলি সুষ্ঠুভাবে সম্পন্ন করাই বাণিজ্য ক্যাডারের কর্মকর্তাদের অন্যতম প্রধান কাজ। ব্যবসায়ীদের নিয়ে বাজার পরিস্থিতি পর্যালোচনাসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের মজুত, সরবরাহ, আমদানি ও মূল্য পরিস্থিতি স্বাভাবিক ও স্থিতিশীল রাখার লক্ষ্যে কাজ করে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। এ ছাড়া ব্যবসায়ীদের নিয়ম নীতি মেনে ব্যবসা করার বিষয়েও ভূমিকা পালন করেন বাণিজ্য ক্যাডারের কর্মকর্তাগণ। আবার জাতীয় ও আন্তর্জাতিক পর্যায়ে বিভিন্ন সময়ে অনুষ্ঠিত বাণিজ্য মেলাসমূহ বাণিজ্য মন্ত্রণালয়ের অনুমতি ও কর্মকর্তাদের সমন্বয়ের মাধ্যমে অনুষ্ঠিত হয়ে থাকে।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি যথাসময়ে হয়ে থাকে বাণিজ্য ক্যাডারের কর্মকর্তাদের।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ তেমন নেই। যাতায়াতের জন্য গাড়ির ব্যবস্থা আছে। কাজের চাপ তুলনামূলক কম হওয়ার ফলে ছুটি কাটানো যায় প্রয়োজন হলে। বিদেশের ভ্রমণের সুযোগসহ বিদেশি দূতাবাসগুলোতেও পোস্টিং হতে পারে বাণিজ্য ক্যাডারের কর্মকর্তাদের।

১১. বিসিএস (পরিবার পরিকল্পনা):

জনবহুল দেশ হওয়ায় বাংলাদেশের ক্ষেত্রে পরিবার পরিকল্পনা অধিদপ্তরের ভূমিকা ও কাজ বেশ গুরুত্বপূর্ণ। পরিবার পরিকল্পনার কাজ সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য বাংলাদেশ সরকার অন্যান্য ক্যাডারের পাশাপাশি পরিবার পরিকল্পনা ক্যাডার গঠন করে। এ ক্ষেত্রে গ্রাম পর্যায় থেকে শুরু করে বিভাগীয় ও কেন্দ্রীয় পর্যায়ে পরিবার পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের মতো গুরুত্বপূর্ণ কাজ করে থাকেন এই ক্যাডারের কর্মকর্তাগণ।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: পরিবার পরিকল্পনা কর্মকর্তা থেকে মহাপরিচালক হওয়ার সুযোগ থাকে।

পদসোপান (Hierarchy)
↓
মহাপরিচালক
(Director General)
↑
পরিচালক (Director)
↑
উপ-পরিচালক (Deputy Director)
↑
সহকারী পরিচালক (Assistant Director)
↑
পরিবার পরিকল্পনা কর্মকর্তা (Family Planning Officer)

পোস্টিং: উপজেলা পরিবার পরিকল্পনা অফিসে প্রথম পদায়ন হয়ে থাকে। পরবর্তীতে পদোন্নতি মাধ্যমে দেশের যে কোনো জেলা, বিভাগসহ রাজধানীতেও আসা যায়। দেশের বাইরে ভ্রমণের সুযোগ আছে। চাকরি থেকে অবসর গ্রহণের পরও বিভিন্ন উন্নয়নমূলক সংস্থার কাজের সুযোগ থাকে।

কাজের ক্ষেত্র: বাংলাদেশে পরিবার পরিকল্পনা ক্যাডারকে সুষ্ঠুভাবে পরিচালনার জন্য বেশ কয়েকটি বিভাগে ভাগ করা হয়েছে। একজন পরিবার পরিকল্পনা কর্মকর্তা এই বিভাগগুলোর পাশাপাশি জেলা ও উপজেলা পর্যায়ের বেশ কয়েকটি কর্মক্ষেত্রে কাজ করে থাকেন। যেমন: ১. পরিবার পরিকল্পনা অধিদপ্তর; ২. বিভাগীয় পরিবার পরিকল্পনা কার্যালয়; ৩. জেলা পরিবার পরিকল্পনা কার্যালয়; ৪. উপজেলা পরিবার পরিকল্পনা কার্যালয় ইত্যাদি। দৈনন্দিন প্রশাসনিক কার্যাবলির পাশাপাশি পরিবার পরিকল্পনা কর্মকর্তাদের বেশির ভাগ সময়ে মাঠ পর্যায়ে কাজ করতে হয়। উপজেলা পর্যায়ে কাজ করতে হলে উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা ও উপজেলা নির্বাহী কর্মকর্তার তত্ত্বাবধানে কাজ করতে হয়। অনেক ক্ষেত্রে উপজেলা নির্বাহী কর্মকর্তার পক্ষে সহকারী কমিশনার (ভূমি)-এর তত্ত্বাবধানে কাজ করতে হয়। উপজেলার পরিবার পরিকল্পনার সফল বাস্তবায়নে পরিবার কল্যাণ কর্মকর্তা হিসেবে এ ক্যাডারের কর্মকর্তাগণের দায়িত্ব বেশ গুরুত্বপূর্ণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি গতি ধীর হয়ে থাকে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ বেশি না থাকায় অনেক সময় পাওয়া যায়।

অসুবিধাসমূহ: পদোন্নতির মাধ্যমে উর্ধ্বতন পর্যায়ে না যাওয়া পর্যন্ত বাসস্থান ও পরিবহন সুবিধা নেই। পরিচালক ও মহাপরিচালক পদে সাধারণত প্রশাসন ক্যাডারের কর্মকর্তাদের নিয়োগ দেওয়া হয়।

CamScanner

১২. বিসিএস (রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক):

বাংলাদেশের রাষ্ট্র-মালিকানাধীন ও রাষ্ট্র-পরিচালিত রেল পরিবহন সংস্থা বাংলাদেশ রেলওয়ে।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী ট্রাফিক সুপারিনটেনডেন্ট থেকে মহাপরিচালক হওয়ার সুযোগ থাকে রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক ক্যাডারের কর্মকর্তাগণের।

পদসোপান (Hierarchy)

মহাপরিচালক
(Director General)
↑
অতিরিক্ত মহাপরিচালক
(Addi. Director General)
↑
ট্রাফিক সুপারিনটেনডেন্ট
(Trafic Superentendant)
↑
সিনিয়র সহকারী ট্রাফিক সুপারিনটেনডেন্ট
(Senior Asst. Traffic Superintendant)
↑
সহকারী ট্রাফিক সুপারিনটেনডেন্ট
(Assistant Traffic Superintendant)

পোস্টিং: কর্মজীবনের শুরুতে রেলওয়ের বিভাগীয় ট্রাফিক সুপারিনটেনডেন্টের কার্যালয়ে পদায়ন হয়। পরবর্তীতে রেলপথ মন্ত্রণালয়ের বিভিন্ন দপ্তরে পোস্টিং হয় এ ক্যাডারের কর্মকর্তাগণের।

কাজের ক্ষেত্র: রেলওয়ে পরিবহন ও বাণিজ্যিক ক্যাডারের কর্মকর্তাগণ রেল পরিদর্শন অধিদপ্তরের পাশাপাশি রেলওয়ের বিভিন্ন উন্নয়নপ্রকল্প, রেলপথ মন্ত্রণালয়সহ প্রেষণে অন্য অনেক পদে কাজ করে থাকেন। যাত্রী ও পণ্য পরিবহনের নিমিত্তে রেলের চলাচল তদারকি, রেলে অবৈধ পরিবহন বন্ধে অভিযান পরিচালনা, রেলওয়ে আইন এবং কার্যপদ্ধতি প্রণয়ন, দাপ্তরিক বিভিন্ন নথিপত্র পরীক্ষা, পর্যবেক্ষণ ও প্রস্তুত করা সহ প্রশাসনিক নানা কাজ করেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি অনেক ধীরগতিতে হয়ে থাকে এই ক্যাডারের কর্মকর্তাদের।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ খুবই কম বলে সুবিধামতো ছুটি নেওয়া যায়।

অসুবিধাসমূহ: মহাপরিচালক হওয়ার সুযোগ খুবই কম। রেলওয়েতে ষষ্ঠ গ্রেডের পদ না থাকায় পঞ্চম গ্রেড পর্যন্ত পদোন্নতি হয়ে আর পদোন্নতি পাওয়া যায় না সহজে।

অন্যত্র পদায়ণ সুবিধা: চাকরিজীবনের শেষদিকে উপসচিব হয়ে প্রশাসন ক্যাডারে আসার সুযোগ পান অনেকে।

১৩. বিসিএস (সমবায়):

সমবায় অধিদপ্তর বাংলাদেশে সমবায় ভিত্তিক দারিদ্র্য নিরসনের দায়িত্বে নিয়োজিত সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন একটি অধিদপ্তর। ১৯৭২ সালে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সংবিধানের ১৩(খ) অনুচ্ছেদে 'সমবায়'কে সম্পদের মালিকানার ভিত্তিতে একটি পৃথক (দ্বিতীয়) খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়। বাংলাদেশের সমবায় আন্দোলনের একটি সমৃদ্ধ ও দীর্ঘ ঐতিহাসিক পথ পরিক্রমা রয়েছে। প্রায় শত বছরের অধিককাল ধরে নানা চড়াই-উতরাই -এর মধ্য দিয়ে বাংলাদেশের সমবায় আন্দোলনকে অগ্রসর হতে হয়েছে। বিসিএস সমবায় ক্যাডারের কর্মকর্তাগণ মানুষকে সমবায়ী মনোভাব গড়ে তোলাসহ নানা কর্মকাণ্ডে সহায়তার মাধ্যমে এ ক্ষেত্রে চূড়ান্তভাবে সহায়তা করে থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী নিবন্ধক থেকে শীর্ষপদ নিবন্ধক হতে পারেন সমবায় ক্যাডারের একজন কর্মকর্তা।

পদসোপান (Hierarchy)

নিবন্ধক
(Registrar)
↑
অতিরিক্ত নিবন্ধক
(Addi. Registrar)
↑
যুগ্ম নিবন্ধক
(Joint Registrar)
↑
উপ-নিবন্ধক
(Deputy Registrar)
↑
সহকারী নিবন্ধক
(Assistant Registrar)

পোস্টিং: পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের অধীনস্ত সমবায় অধিদপ্তরের জেলা, বিভাগীয় ও সদরদপ্তরের পাশাপাশি বাংলাদেশ সমবায় একাডেমি ও আঞ্চলিক সমবায় ইনস্টিটিউটে কাজ করার সুযোগ থাকে সমবায় ক্যাডারের কর্মকর্তাদের। তবে শুরুতে সহকারী নিবন্ধক হিসেবে যোগ দিয়ে জেলা সমবায় অফিসে কাজ করতে হয়। এ ছাড়া একজন সমবায় ক্যাডারের কর্মকর্তা সরকারি আদেশে যে কোনো উন্নয়নপ্রকল্প, দপ্তর ও মন্ত্রণালয়ে কাজ করার এবং সচিব হওয়ারও সুযোগ পান।

কাজের ক্ষেত্র: দেশের সার্বিক কল্যাণের জন্য ও সমবায় অধিদপ্তরকে শক্তিশালীকরণে সমবায় ক্যাডারের কর্মকর্তাগণ বিভিন্ন সরকারি প্রকল্পে ঋণদান, সমবায় সদস্যদের মাঝে ঋণ বিতরণ, সমবায় বাজার স্থাপন, সমবায় সমিতির নিবন্ধন প্রদান, বার্ষিক অডিট সম্পাদনাসহ বিভাগীয় কর্মকাণ্ড পরিচালনা ও তদারকির কাজ করে থাকেন। দেশের আর্থ-সামাজিক উন্নয়নে সরকারি আইন ও বিধির আলোকে মানুষকে স্বাবলম্বী করে গড়ে তোলাই একজন সমবায় ক্যাডার কর্মকর্তার প্রধান কাজ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি দ্রুত হয় না, তবে ধীরগতির নয়। অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ কম বলে ছুটি কাটানো সহজ হয়। সহজ জীবনযাপন করতে চাইলে সমবায় ক্যাডার হতে পারেন যে কেউ।

অসুবিধাসমূহ: পদোন্নতির মাধ্যমে সচিব হওয়ার সুযোগ কম সমবায় ক্যাডারের কর্মকর্তাদের। এ ছাড়া উল্লেখযোগ্য অসুবিধা নেই।

অন্যত্র পদায়ণ সুবিধা: সমবায় ক্যাডারের একজন কর্মকর্তা চাকরিজীবনের শেষদিকে এসে উপসচিব হয়ে প্রশাসন ক্যাডারে আসার সুযোগ আছে।

CamScanner

পদসোপান (Hierarchy)

↓

মহাপরিচালক
(Director General)

↑

অতিরিক্ত মহাপরিচালক
(Addi. Director General)

↑

পোস্ট মাস্টার জেনারেল
(Post Master General)

↑

অতিরিক্ত পোস্ট মাস্টার জেনারেল
(Addi. Post Master General)

↑

উপ-পোস্ট মাস্টার জেনারেল
(Deputy Post Master General)

↑

সহকারী পোস্ট মাস্টার জেনারেল
(Assistant Post Master General)

পোস্টিং: বাংলাদেশ ডাক বিভাগের ডেপুটি পোস্ট মাস্টার জেনারেল বা পোস্ট মাস্টার জেনারেলের কার্যালয়ে সহকারী পোস্ট মাস্টার জেনারেল হিসেবে যোগদান করতে হয়। এ ছাড়া পোস্টাল সার্কেলেও পদায়ন হয় ডাক বিভাগের কর্মকর্তাদের। বাংলাদেশ পাঁচটি পোস্টাল সার্কেলে বিভক্ত।

কাজের ক্ষেত্র: ডাক বিভাগের প্রশাসনিক নথিপত্র প্রস্তুত করা থেকে যাচাই-বাছাই, দরপত্র প্রস্তুতকরণ ও বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি ধীরগতিতে হয়ে থাকে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ খুবই কম এবং ছুটি কাটানোর সুযোগ হয় অনেক। অ্যান্ট্রি লেভেলেই আবাসন সুবিধা পাওয়া যায়। এ ছাড়া পদোন্নতির মাধ্যমে ডেপুটি পোস্টমাস্টার জেনারেল হলেই গাড়ি সুবিধা পাওয়া যায়।

অসুবিধাসমূহ: অসুবিধা তেমন নেই। তবে সামাজিকভাবে এ ক্যাডারের কর্মকর্তাদের প্রভাব তুলনামূলক কম থাকে।

প্রফেশনাল ক্যাডার (১২টি)

১. বিসিএস (সাধারণ শিক্ষা): বিসিএসের সবচেয়ে বড় দুটো ক্যাডারের মধ্যে অন্যতম শিক্ষা ক্যাডার। বিসিএস শিক্ষা ক্যাডারে কয়েকটি সাব-ক্যাডার রয়েছে। তবে সবচেয়ে বড় সাব-ক্যাডার সাধারণ শিক্ষা। এখানে কমবেশি ৮০টি বিষয়ে নিয়োগ দেওয়া হয়।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (কলেজে): প্রভাষক থেকে সর্বোচ্চ অধ্যাপক পর্যন্ত।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (অধিদপ্তরে): সহকারী পরিচালক থেকে সর্বোচ্চ মহাপরিচালক।

পদসোপান (Hierarchy)

কলেজে (Secretariat/Central Administration)

↑

অধ্যাপক
(Professor)

↑

সহযোগী অধ্যাপক
(Associate Professor)

↑

সহকারী অধ্যাপক
(Assistant Professor)

↑

প্রভাষক
(Lecturer)

অধিদপ্তরে (In Directorate)

↑

মহাপরিচালক
(Director General)

↑

অতিরিক্ত মহাপরিচালক
(Addi. Director General)

↑

পরিচালক
(Director)

↑

উপ-পরিচালক
(Deputy Director)

↑

সহকারী পরিচালক
(Assistant Director)

↑

শিক্ষা কর্মকর্তা
(Education Officer)

পোস্টিং: চাকরি জীবনের শুরুতে দেশের যে কোনো জেলা বা উপজেলার সরকারি কলেজগুলোতে পদায়ন হয়ে থাকে।

কাজের ক্ষেত্র: দেশের সকল সরকারি কলেজ বাদেও শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ শিক্ষা বিভাগের ট্রেনিংয়ের জন্য সর্বোচ্চ প্রতিষ্ঠান জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), দেশের সকল শিক্ষা বোর্ড, মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর (মাউশি), জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড (এনসিটিবি) এবং আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটসহ শিক্ষা বিভাগের সঙ্গে সম্পর্কিত বিভিন্ন প্রতিষ্ঠানে কাজের সুযোগ পাবেন।

পদোন্নতি সুবিধা: পদোন্নতির সুবিধা মধ্যম। তবে গ্রেড-১ পর্যন্তও পদোন্নতি হয়।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: নিজ জেলায় কাজের সুযোগ থাকা শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণের অন্যতম বড় একটি সুবিধা। তাছাড়া বছরে অনেক ছুটি কাটাতে পারেন শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ। কলেজের বিভিন্ন কমিটিতে (ভর্তি কমিটি, পরীক্ষা কমিটি, স্পোর্টস ও কালচারাল কমিটি, বিভিন্ন দিবস উদযাপন কমিটি, ক্রয় কমিটি) দায়িত্ব পালন করে আর্থিকভাবে লাভবান হওয়া যায়। পরীক্ষার খাতা মূল্যায়ন করেও আর্থিক সুবিধা পাওয়া যায়। এ ছাড়া দেশে-বিদেশে ট্রেনিংয়ের সুযোগ এবং সেখান

থেকে আর্থিক সুবিধা লাভ করা যায়। শিক্ষা জীবনে ভালো ফলাফল ও উচ্চ ডিগ্রি থাকলেও বাড়তি সুবিধা পাওয়া যায়। যেমন: অনার্স বা মাস্টার্সে প্রথম শ্রেণি, এমফিল এবং পিএইচডি থাকলে যথাক্রমে এক, দুই ও তিনটি ইনক্রিমেন্ট পান শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ।

অসুবিধাসমূহ: অন্যান্য ক্যাডারের চেয়ে পদোন্নতি সুবিধা তুলনামূলকভাবে ধীর গতির হয়ে থাকে। গাড়ি-বাড়ি সুবিধা নেই। চাকরি জীবনের শেষ পর্যায়ে গিয়ে অধ্যক্ষ হলে সরকারি বাংলো সুবিধা পাওয়া যায়। বিভিন্ন বেসরকারি কলেজ সরকারিকরণের ফলে আত্তীকৃত শিক্ষকদের সাথে ক্যাডার শিক্ষকগণের একটা দ্বন্দ্ব লেগেই থাকে। তাছাড়া পুলিশ, প্রশাসন ও অন্যান্য ক্যাডারের কর্মকর্তাগণ সমাজে আপাতদৃষ্টিতে যেভাবে প্রভাব বিস্তার বা ক্ষমতা প্রয়োগ করতে পারেন শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ সে দিক থেকে সবচেয়ে পিছিয়ে। পরীক্ষার খাতা মূল্যায়নও একটা ঝামেলার ও চাপের কাজ এ ক্যাডারের কর্মকর্তাদের।

২. বিসিএস (স্বাস্থ্য): বিসিএসের সবচেয়ে বড় দুটো ক্যাডারের একটি হলো স্বাস্থ্য। মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুসারে, স্বাস্থ্য ক্যাডারে সারা দেশে মোট কর্মকর্তা আছেন ৩২ হাজার।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (প্রশাসনিক বিভাগে): সহকারী সার্জন থেকে সর্বোচ্চ মহাপরিচালক পর্যন্ত পদে আসীন হতে পারেন স্বাস্থ্য ক্যাডারের (ডাক্তার) একজন কর্মকর্তা।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ (ক্লিনিক্যাল বিভাগে): সহকারী সার্জন থেকে কনসালটেন্ট বা অধ্যাপক পদ পর্যন্ত আসীন হতে পারেন।

পদসোপান (Hierarchy)

ক্লিনিক্যাল বিভাগ (In Clinical Department)

- কনসালটেন্ট (Consultant)
- ↑ সিনিয়র কনসালটেন্ট (Senior Consultant)
- ↑ জুনিয়র কনসালটেন্ট (Junior Consultant)
- ↑ মেডিকেল অফিসার/ সহকারী সার্জন (Medical Officer/Assistant Surgeon)

প্রশাসনিক বিভাগ (In Admin. Section)

- মহাপরিচালক (Director General)
- উপ-মহাপরিচালক (Deputy Director)
- সহকারী পরিচালক/ সিভিল সার্জন (Assistant Director)
- উপজেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কর্মকর্তা / ডেপুটি সিভিল সার্জন
- আবাসিক মেডিকেল অফিসার/ সিভিল সার্জন (Resi. Medical Officer)

পোস্টিং: স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তারা (ডাক্তার) প্রথমে যোগ দেন সহকারী সার্জন বা জুনিয়র কনসালট্যান্ট হিসেবে। এ ছাড়া স্বাস্থ্য ক্যাডারের মাঠ পর্যায়ের কর্মকর্তাদের অন্তত দুই বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কাজ করতে হয়।

কাজের ক্ষেত্র: স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাদের কাজের ক্ষেত্র ব্যাপক। দেশের সকল জেলা-উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থেকে শুরু করে মেডিকেল কলেজগুলোতে তাঁদের পদায়ন হতে পারে। এ ছাড়া স্বাস্থ্য মন্ত্রণালয়ের বিভিন্ন বিভাগে পদায়িত হন এ ক্যাডারের কর্মকর্তাগণ। সংখ্যায় কম হলেও অনেক চিকিৎসক আছেন যাঁরা চিকিৎসা ছাড়া অন্য কোনো ক্যাডার পছন্দ করেন না। যাঁরা চিকিৎসক, প্রকৌশলী কিংবা কৃষিবিদ হন তাঁরা তুলনামূলক অন্য ক্যাডারের কর্মকর্তাদের চেয়ে বেশি মেধাবী। কর্মক্ষেত্রে এই মেধাবীরা তুলনামূলক উপেক্ষিত। তবে মানবসেবার চরম ব্রত থাকায় স্বাস্থ্য ক্যাডারের অনেক কর্মকর্তা সুযোগ-সুবিধা তুলনামূলক কম গ্রহণ করেও সর্বোচ্চ সেবা দিয়ে যান মানুষকে।

পদোন্নতি সুবিধা: ২৬টি ক্যাডারের মধ্যে স্বাস্থ্য ক্যাডার একমাত্র ক্যাডার, যেখানে প্রবেশকালীন যোগ্যতার চেয়ে আরও অনেক বেশি ডিগ্রি প্রয়োজন হয় পদোন্নতিতে। তবে স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাদের প্রশাসনিক পদগুলোয় পদোন্নতির জন্য চিকিৎসাবিজ্ঞান-সংক্রান্ত উচ্চতর ডিগ্রির প্রয়োজন হয় না। সিনিয়র স্কেল পরীক্ষায় পাস করলেই পদোন্নতি পাওয়ার যোগ্য হন। এসব পদ থেকে উপজেলা স্বাস্থ্য কর্মকর্তা হতে সিভিল সার্জন, বিভাগীয় পরিচালক ও কদাচিৎ অতিরিক্ত মহাপরিচালক পর্যন্ত পদোন্নতি পাওয়া যায়।

এ ছাড়া চিকিৎসকদের বিষয়ভিত্তিক পদোন্নতির ক্ষেত্রে রয়েছে ক্লিনিক্যাল, বেসিক, প্যারা-ক্লিনিক্যাল বিষয়। এসব বিষয়ে পদোন্নতির জন্য চিকিৎসাবিজ্ঞানের সংশ্লিষ্ট বিষয়গুলোর মধ্য থেকে যেকোনো একটি বিষয়ে উচ্চতর ডিগ্রি সম্পন্ন করতে হবে; একই সঙ্গে সিনিয়র স্কেল পরীক্ষায় পাস করা বাধ্যতামূলক। সব শর্ত পূরণ করলে নবম গ্রেডের মেডিকেল অফিসার থেকে ষষ্ঠ গ্রেডে সহকারী অধ্যাপক বা জুনিয়র কনসালট্যান্ট হওয়া যায়।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: ক্লিনিক্যাল সেক্টরে সুযোগ-সুবিধা কিছুটা বেশি পান স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাগণ। তবে প্রশাসনিক পদগুলোতে আবার ক্ষমতা প্রয়োগ করা যায় তুলনামূলক বেশি। এ ছাড়া 'সিভিল সার্জন' পদে পদায়ন হলে গাড়ি সুবিধা পান এ ক্যাডারের কর্মকর্তাগণ।

অসুবিধাসমূহ: বৈষম্যের যত দিক, সবই স্বাস্থ্য ক্যাডারে আছে। মন্ত্রণালয়ের সর্বশেষ তথ্য অনুসারে, স্বাস্থ্য ক্যাডারে মোট কর্মকর্তা আছেন ৩২ হাজার। তাঁদের মধ্যে ১৫ হাজারই নবম গ্রেডে। সাধারণ ক্যাডারের কর্মকর্তারা উচ্চশিক্ষায় গেলেও তাঁরা সাধারণত ব্যাচ অনুসারে পদোন্নতি পান। এমনকি বিদেশের প্রশিক্ষণ বা পড়াশোনার জন্য প্রেষণে থাকলেও। কিন্তু চিকিৎসকেরা উচ্চশিক্ষায় থাকার সময় পদোন্নতি পান না। শর্ত দেওয়া হয় যে যাঁরা উচ্চশিক্ষায় প্রেষণে আছেন, তাঁরা যেনো পদোন্নতির আবেদন না করেন। বাংলাদেশ সিভিল সার্ভিসে (বিসিএস) শর্ত পূরণ করে অন্য অনেক ক্যাডারের কর্মকর্তারা যথাসময়ে পদোন্নতি পেলেও একই শর্ত পূরণ করে, এমনকি বাড়তি যোগ্যতা নিয়েও পদোন্নতি পান না স্বাস্থ্য ক্যাডারের বেশির ভাগ চিকিৎসক। এর মধ্যে বেশির ভাগ প্রথম পদোন্নতির ক্ষেত্রে জটিলতায় পড়েন। একই বিসিএসে যোগদানকারী অন্য অনেক ক্যাডারের কর্মকর্তারা নবম গ্রেড থেকে ষষ্ঠ গ্রেডে (সিনিয়র স্কেল) পদোন্নতি পেলেও স্বাস্থ্য ক্যাডারের বেশির ভাগ কর্মকর্তাই রয়ে যান নবম গ্রেডে। আবার পদোন্নতির ক্ষেত্রে স্বাস্থ্য ক্যাডারের ভেতরেও বৈষম্য রয়েছে। একই ব্যাচের কেউ কেউ ষষ্ঠ গ্রেডে পদোন্নতি পান, কেউ কেউ নবম গ্রেডেই থেকে যান। অন্য ক্যাডারের মতো ব্যাচভিত্তিক পদোন্নতি না থাকার কারণে স্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তারা বঞ্চিত হন সবচেয়ে বেশি। চাকরির শুরুতে ডাক্তারদের অন্তত দুই বছর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স থাকাকালীন সেখানে সরকারি কোয়ার্টারে ভাড়া দিয়ে থাকতে হয়, গাড়ির কোনো সুব্যবস্থা নেই। এমনকি সহযোগী অধ্যাপক হলেও গাড়ি পাওয়া যায় না। এ ছাড়া যে বেতন দেয়া হয়-সেটাও চলার মতো যথেষ্ট নয়।

উপজেলায় চিকিৎসকরা নানা ধরনের অপ্রত্যাশিত আচরণের শিকারও হয়ে থাকেন অনেক সময়। পোস্ট-গ্রাজুয়েশন অর্থাৎ এমডি, এমএস, এফসিপিএস ইত্যাদি ডিগ্রি সম্পন্ন না করলে তাদের পদোন্নতির কোনো সুযোগ নেই। বাংলাদেশে পোস্ট গ্রাজুয়েশন ডিগ্রি ছাড়া একজন ডাক্তারের কোনো মূল্য নেই। কারণ সবাই বিশেষজ্ঞ ডাক্তারই খোঁজেন।

৩. বিসিএস (পশুসম্পদ):

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা থেকে সর্বোচ্চ মহাপরিচালক পর্যন্ত পদে আসীন হতে পারেন প্রাণিসম্পদ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদসোপান (Hierarchy)

↓
মহাপরিচালক
(Director General)
↑
অতিরিক্ত মহাপরিচালক
(Addi. Director General)
↑
পরিচালক
(Director)
↑
জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
(Dist. Livestock Officer)
↑
উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
(Upazilla Livestock Officer)

পোস্টিং: শুরুতে উপজেলায় পদায়ন করা হয় এ ক্যাডারের কর্মকর্তাদেরকে। দীর্ঘকাল উপজেলায় থাকার পর জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা হয়ে জেলায় আসেন তাঁরা।

কাজের ক্ষেত্র: প্রাণিসম্পদ ক্যাডারের কর্মকর্তাদের কাজের ক্ষেত্র অন্যান্য অনেক ক্যাডারের তুলনায় একটু বেশিই বলা যায়। জনবহুল এ দেশের বেকারত্ব দূরীকরণে তরুণ-তরুণী থেকে সব বয়সী লোকদের প্রশিক্ষণের মাধ্যমে স্বাবলম্বী করে গড়ে তুলতে প্রাণিসম্পদ ক্যাডারের কর্মকর্তাগণ অক্লান্ত সেবা দিয়ে থাকেন। উপজেলা-জেলা থেকে শুরু করে দেশের সব অঞ্চলেই ভূমিকা রাখেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি সুবিধা অন্যান্য ক্যাডারের তুলনায় ধীরগতির।

৪. বিসিএস (পরিসংখ্যান):

প্রশাসনিক নিয়ন্ত্রণের জন্য ১৯৭৫ সালের জুলাই মাসে, পরিকল্পনা মন্ত্রণালয়ের অধীনে পরিসংখ্যান বিভাগ গঠন করা হয়। পরিসংখ্যান ব্যুরো এই বিভাগের অধীনে কাজ করে। পরিসংখ্যান ক্যাডারের কর্মকর্তাগণ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর কর্মকর্তা হিসেবে যাবতীয় কাজ করে থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: পরিসংখ্যান কর্মকর্তা হিসেবে যোগদান করে মহাপরিচালক (Director General) হওয়ার সুযোগ পান পরিসংখ্যান ক্যাডারের একজন কর্মকর্তা।

পদসোপান (Hierarchy)

↓
মহাপরিচালক
(Director General)
↑
উপ মহাপরিচালক
(Addi. Director General)
↑
পরিচালক
(Director)
↑
যুগ্ম
(Joint Director)
↑
উপ পরিচালক
(Deputy Director)
↑
পরিসংখ্যান কর্মকর্তা
(Statistical Officer)

পোস্টিং: পরিসংখ্যান ক্যাডারের একজন কর্মকর্তা বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোতে (বিবিএস) পরিসংখ্যান কর্মকর্তা হিসেবে যোগদান করেন। পরবর্তীতে জেলা, বিভাগীয় শহরে কিংবা সদর দপ্তরে পদায়ন হয়।

কাজের ক্ষেত্র: পরিসংখ্যান কর্মকর্তা হিসেবে জনশুমারি (পূর্বের আদমশুমারি) ও গৃহগণনা কার্যক্রম, কৃষিশুমারি, অর্থনৈতিক শুমারি, বিভিন্ন খানার আয়-ব্যয় থেকে শুরু করে মাসিক ভোক্তা সূচকের তথ্য সংগ্রহ, ফসলাধীন ভূমির পরিমাণ নির্ধারণ ও ভূমির ব্যবহার সংক্রান্ত পরিসংখ্যান তৈরি, গবাদি পশু, হাঁস-মুরগি,মাছ ইত্যাদি জরিপ সংক্রান্ত কাজের তদারকি করে থাকেন। এ ছাড়া পরিসংখ্যান সংক্রান্ত তথ্য প্রদান করে জনগণকে সহায়তা করাও এ ক্যাডারের কর্মকর্তাগণের অন্যতম কাজ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি দ্রুতগতির নয়। তবে ধীরগতিরও নয়।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: পদোন্নতির মাধ্যমে উপ-বিভাগীয় প্রকৌশলী হলে বাড়ি ও গাড়ি সুবিধা পাওয়া যায়। দেশে-বিদেশে প্রশিক্ষণের সুযোগ রয়েছে বেশ।

অসুবিধাসমূহ: কাজের চাপ খুব বেশি না হলেও চাপ মোটামুটি থাকে। ফলে ছুটির সুযোগ একটু কমই পান এ ক্যাডারের কর্মকর্তাগণ।

৫. বিসিএস (সড়ক ও জনপথ):

সড়ক ও জনপথ অধিদপ্তর হলো বাংলাদেশ সরকারের সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়ের একটি অধিদপ্তর, সড়ক ও জনপথ ক্যাডারের কর্মকর্তাগণ সড়ক ও জনপদ অধিদপ্তরের যাবতীয় কর্মকাণ্ড পরিচালনা করে থাকেন।

CS CamScanner

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী প্রকৌশলী পদে যোগদান করে সর্বোচ্চ পদ প্রধান প্রকৌশলী হওয়ার সুযোগ থাকে এ ক্যাডারের কর্মকর্তাগণের।

পদসোপান (Hierarchy)

প্রধান প্রকৌশলী
↑
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
↑
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
↑
নির্বাহী প্রকৌশলী
↑
উপবিভাগীয় প্রকৌশলী
↑
সহকারী প্রকৌশলী

পোস্টিং: সড়ক পরিবহণ ও সেতু মন্ত্রণালয়ে সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করে জেলা উপ-বিভাগীয় প্রকৌশলীর কার্যালয়ে বা বিভাগীয় নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে বা তত্ত্বাবধায়ক প্রকৌশলীর কার্যালয়ে কিংবা অতিরিক্ত প্রধান প্রকৌশলীর কার্যালয়ে পদায়ন করা হয় এ ক্যাডারের কর্মকর্তাদের।

কাজের ক্ষেত্র: সড়ক ও জনপথ ক্যাডারের কর্মকর্তাদের দায়িত্ব হলো জাতীয়, আঞ্চলিক ও জেলা সড়কসমূহ এবং গুরুত্বপূর্ণ ব্রিজ ও কালভার্ট উন্নয়ন ও রক্ষনাবেক্ষণ করা। এ ছাড়া প্রশাসনিক কাজসহ যোগাযোগব্যবস্থার উন্নয়নে যাবতীয় কাজে নেতৃত্ব দিয়ে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি সুবিধা বেশ ভালো। যথাসময়ে পদোন্নতি হয়।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: অ্যান্ট্রিপদেই গাড়ি সুবিধা পেয়ে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। পদোন্নতির মাধ্যমে উপ-বিভাগীয় প্রকৌশলী হলে সরকারি বাসভবনের সুবিধা পাওয়া যায়। সড়ক সংশ্লিষ্ট প্রকল্পগুলোতে কাজের সুযোগ পাওয়া যায় বেশ। প্রকল্পে কাজের ফলে অতিরিক্ত নানা ধরনের সুযোগসুবিধা পেয়ে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ। এ ছাড়া বিদেশে উচ্চশিক্ষা ও ভ্রমণের সুবিধাও পান সড়ক ও জনপথ ক্যাডারের কর্মকর্তাগণ।

অসুবিধাসমূহ: কাজের ক্ষেত্রে কিছু রাজনৈতিক চাপ সামলাতে হয় এ ক্যাডারের কর্মকর্তাদের। এর বাইরে তেমন কোনো অসুবিধা নেই এ ক্যাডার কর্মকর্তাদের।

৬. বিসিএস (গৃহায়ন ও গণপূর্ত):

গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনে গণপূর্ত অধিদপ্তর একটি সরকারি বিভাগ যা সরকারি সংস্থা ও সংস্থার ভবন ও কাঠামো নির্মাণের জন্য দায়বদ্ধ। এর সদরদপ্তর ঢাকা, বাংলাদেশে-অবস্থিত। গৃহায়ন ও গণপূর্ত ক্যাডারের কর্মকর্তাগণ গৃহায়ন ও গণপূর্ত ক্যাডারের সহকারী প্রকৌশলী হিসেবে যোগদানের মাধ্যমে সরকারের যাবতীয় নির্মাণ কর্মকাণ্ড পরিচালনা ও তত্ত্বাবধান করে থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করে সর্বোচ্চ পদ প্রধান প্রকৌশলী হওয়ার সুযোগ রয়েছে গৃহায়ন ও গণপূর্ত ক্যাডারের কর্মকর্তাগণের।

পদসোপান (Hierarchy)

প্রধান প্রকৌশলী
↑
অতিরিক্ত প্রধান প্রকৌশলী
↑
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
↑
নির্বাহী প্রকৌশলী
↑
উপবিভাগীয় প্রকৌশলী
↑
সহকারী প্রকৌশলী

পোস্টিং: গৃহায়ন ও গণপূর্ত ক্যাডারের কর্মকর্তাগণ সহকারী প্রকৌশলী হিসেবে গণপূর্ত বিভাগে যোগদান করেন। পরবর্তীতে সেখান থেকে জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলীর কার্যালয়ে পদায়ন করা হয় তাদের।

কাজের ক্ষেত্র: বাংলাদেশের সকল সরকারি ভবন বা অবকাঠামো নির্মাণ, রক্ষণাবেক্ষণ, ভবন নির্মাণে ব্যবহৃত সামগ্রীর গুণগত মান পর্যবেক্ষণ ও যাচাই করা থেকে সকল কর্মকাণ্ড সম্পর্কে প্রতিবেদন তৈরি করা এ ক্যাডার কর্মকর্তাদের অন্যতম দায়িত্ব। এ ছাড়া গণপূর্ত অধিদপ্তরে টেন্ডার প্রক্রিয়ায় প্রাক্কলন থেকে শুরু করে বাস্তবায়ন পর্যন্ত সব ধরনের কাজও তত্ত্বাবধান করে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি বেশ ভালো। যথাসময়েই পদোন্নতি হয়ে থাকে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: পদোন্নতির মাধ্যমে উপবিভাগীয় প্রকৌশলী পদে উন্নীত হলে গাড়ি ও বাসস্থান সুবিধা পাওয়া যায়। প্রশিক্ষণের জন্য দেশে-বিদেশে ভ্রমণের ব্যাপক সুযোগ পেয়ে থাকেন এ ক্যাডারের কর্মকর্তাগণ।

অসুবিধাসমূহ: সরকারি নির্মাণকাজের জন্য টেন্ডারপ্রক্রিয়া আহ্বান থেকে টেন্ডার হস্তান্তর পর্যন্ত রাজনৈতিক চাপ সামলানো, প্রভাবশালী ব্যক্তিদের অবাঞ্ছিত হস্তক্ষেপ সামলিয়ে কাজ করতে হয় গৃহায়ন ও গণপূর্ত ক্যাডারের কর্মকর্তাদের।

৭. বিসিএস (বন):

২০১৮ সালের মে মাসে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের নাম পরিবর্তন করে নতুন নাম করা হয়েছে পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়। বন ক্যাডারের কর্মকর্তাগণ এ মন্ত্রণালয়ের অধীনেই কাজ করে থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী বন সংরক্ষক থেকে শীর্ষপদ প্রধান বন সংরক্ষক হওয়ার সুযোগ থাকে বন ক্যাডারের কর্মকর্তাদের।

CamScanner

পদসোপান (Hierarchy)

↓
প্রধান বন সংরক্ষক
↑
উপ-প্রধান সংরক্ষক
↑
বন সংরক্ষক
↑
উপ-বন সংরক্ষক
↑
উপ-বন সংরক্ষক
↑
সহকারী বন সংরক্ষক

পোস্টিং: পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের অধীনে সহকারী বন সংরক্ষক হিসেবে যোগদান করতে হয়। পরবর্তীতে বিভাগীয় বন কর্মকর্তার অধীনে যে কোনো অঞ্চলে পদায়ন করা হতে পারে।

কাজের ক্ষেত্র: বন ও বন্যপ্রাণীর সঠিক সুরক্ষা, বাংলাদেশ সরকারের বিভিন্ন প্রজেক্ট পরিচালনা ও উন্নয়নে বিভিন্ন জেলা, উপজেলা ও বনাঞ্চলের প্রজেক্টগুলোতে কাজ করতে হয় বন ক্যাডারের কর্মকর্তাদের। সরকারি বনাঞ্চলের তত্ত্বাবধায়ক হিসাবে বনজসম্পদ ও বন্যপ্রাণী রক্ষা ও ব্যবস্থাপনার সাথে বিভিন্ন আইন ও বিধি-বিধানের প্রয়োগ করা থেকে শুরু করে বনের টেকসই ব্যবস্থাপনার মাধ্যমে বর্তমান ও ভবিষ্যৎ প্রজন্মের মৌলিক চাহিদা পূরণে সহায়তা, বনভিত্তিক কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির মাধ্যমে দারিদ্র্য বিমোচন এবং গণমুখী বনায়ন কার্যক্রমের মাধ্যমে দেশের প্রতিবেশ এবং অর্থনৈতিক উন্নয়নে ভূমিকা রাখেন বন ক্যাডারের কর্মকর্তাগণ। সরকারি ও বেসরকারি পর্যায়ে বনায়নের প্রতি সহায়তা ও উৎসাহ প্রদান, বৃক্ষরোপণ ও কৃষি বনায়নের বিষয়ে কারিগরি উপদেশ ও সহায়তা প্রদানও করে থাকেন বন ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি সুবিধা বেশ ভালো।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ খুবই কম। ফলে ছুটি কাটানো অনেক সহজ এ ক্যাডারের কর্মকর্তাদের। দেশ-বিদেশে প্রশিক্ষণের ব্যাপক সুযোগ পান বন ক্যাডারের কর্মকর্তাগণ।

অসুবিধাসমূহ: উল্লেখযোগ্য অসুবিধা নেই।

৮. বিসিএস (কারিগরি শিক্ষা):

শিক্ষা মন্ত্রণালয়ের অধীন কারিগরি শিক্ষা অধিদপ্তর । কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রভাষক পদে যোগদান করেন কারিগরি শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ। কারিগরি শিক্ষা এমন একটি শিক্ষা যা মানুষের প্রযুক্তিবিদ হিসাবে বা বিভিন্ন চাকরিতে যেমন ব্যবসায়ী বা কারিগরি হিসাবে কাজ করতে প্রস্তুত করে। বৃত্তিমূলক শিক্ষাকে মাঝে মাঝে ক্যারিয়ার এবং প্রযুক্তিগত শিক্ষা হিসেবেও উল্লেখ করা হয়।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: প্রভাষক থেকে সর্বোচ্চ অধ্যাপক হওয়ার সুযোগ আছে। আবার শিক্ষা অধীদপ্তরের পরিচালক এবং সবশেষে মহাপরিচালকও হতে পারেন এ কর্মকর্তাগণ।

পদসোপান (Hierarchy)

↓
অধ্যাপক
↑
সহযোগী অধ্যাপক
↑
সহকারী অধ্যাপক
↑
প্রভাষক

পোস্টিং: কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রভাষক পদে যোগদান করেন কারিগরি শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ। পরবর্তীতে দেশের বিভিন্ন জেলায় অবস্থিত কারিগরি কলেজগুলোতে পদায়ন হতে থাকে এ ক্যাডারের কর্মকর্তাগণের অনেক কর্মকর্তার আবার অধিদপ্তরেও পদায়ন হয়ে থাকে।

কাজের ক্ষেত্র: কারিগরি শিক্ষা অধিদপ্তরের অধীনে কারিগরি শিক্ষা ক্যাডারের কর্মকর্তাগণ সারা দেশে স্বল্প ও দীর্ঘ মেয়াদি বিভিন্ন ধরনের কারিগরি ও বৃত্তিমূলক (TVET) পরিচালনা করে থাকে।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি সুবিধা দ্রুতগতির নয়।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ তেমন নেই। ছুটি পাওয়া যায় প্রয়োজন মতো। এ ছাড়া প্রশিক্ষণের জন্য বিদেশের যাওয়ার সুযোগও হয়ে থাকে কারিগরি ক্যাডারের কর্মকর্তাদের।

অসুবিধাসমূহ: উল্লেখযোগ্য অসুবিধা নেই।

অন্যত্র পদায়ণ সুবিধা: পদোন্নতির মাধ্যমে সহযোগী অধ্যাপক বা অধ্যাপক হলে শিক্ষা অধিদপ্তরে পরিচালক এবং পরবর্তীতে মহাপরিচালক হওয়ার সুযোগ আছে কারিগরি শিক্ষা ক্যাডার কর্মকর্তাদের।

৯. বিসিএস (মৎস্য):

মৎস ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি স্বতন্ত্র মন্ত্রণালয়। এ মন্ত্রণালয় বাংলাদেশের মৎস্য সম্পদ ও প্রাণিসম্পদ নিয়ে কাজ করে। মৎস্য ক্যাডারের কর্মকর্তাগণ মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের অধীন মৎস্য অধিদপ্তরের সার্বিক কর্মকাণ্ড পরিচালনা করে থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: উপজেলা মৎস্য কর্মকর্তা ও সর্বোচ্চ পদ মহাপরিচালক।

পদসোপান (Hierarchy)

↓
মহাপরিচালক
↑
পরিচালক
↑
উপ-পরিচালক
↑
জেলা মৎস কর্মকর্তা
↑
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা

পোস্টিং: উপজেলা মৎস্য কর্মকর্তা হিসেবে উপজেলায় যোগদান করতে হয় মৎস্য ক্যাডার কর্মকর্তাদের। পরবর্তীতে বাংলাদেশের যে কোনো উপজেলায় পদায়ন হতে পারে। পদোন্নতির মাধ্যমে জেলা মৎস্য কর্মকর্তা পদে পদোন্নতিপ্রাপ্ত না হওয়া পর্যন্ত দেশের বিভিন্ন উপজেলায় কাজ করতে হয়।

কাজের ক্ষেত্র: উন্নত জাতের মাছ উৎপাদন, মাছের জাত অনুসন্ধান, মাছের রোগ দমন থেকে শুরু করে দেশের প্রত্যন্ত অঞ্চলের মাছ চাষীদের মাছ চাষের পদ্ধতি শেখানো ও কারিগরি বিষয়ক সহায়তা প্রদান করা মৎস্য ক্যাডারের কর্মকর্তাদের অন্যতম দায়িত্ব। এ দায়িত্ব পালন করতে গিয়ে মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট, মৎস্য উন্নয়ন কর্পোরেশনসহ দেশের নানা কার্যালয়ে কাজ করতে হয়।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি মধ্যম গতিতে গয়ে থাকে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ তেমন নেই। ফলে সহজেই ছুটি পাওয়া যায়। প্রশিক্ষণের সুযোগ ব্যাপক থাকে মৎস্য কাডারের কর্মকর্তাদের। ফলে আর্থিকভাবে লাভবান হওয়া যায় সহজেই।

অসুবিধাসমূহ: অসুবিধা তেমন নেই। তবে দেশের প্রত্যন্ত অঞ্চলসহ সারা দেশের মৎস্য চাষীদের সঙ্গে কাজ করতে হয় বলে অনেকে এ ক্যাডার অপছন্দ করে থাকেন।

১০. বিসিএস (কৃষি):

কৃষি মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি কৃষিবিষয়ক মন্ত্রণালয়। এই মন্ত্রণালয়ের অধীন সরকারের কৃষি সম্পর্কিত বিভিন্ন নীতি ও পরিকল্পনা বাস্তবায়নের জন্য কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, দপ্তর ও সংস্থা রয়েছে। বিসিএস কৃষি ক্যাডারের কর্মকর্তাগণ এসব দপ্তর, সংস্থা ও অধিদপ্তরের কার্যক্রম পরিচালনা করে থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: কৃষি সম্প্রসারণ কর্মকর্তা থেকে মহাপরিচালক হওয়ার সুযোগ রয়েছে কৃষি ক্যাডারের কর্মকর্তাগণের।

পদসোপান (Hierarchy)

- মহাপরিচালক
- ↑ পরিচালক
- ↑ অতিরিক্ত পরিচালক
- ↑ অতিরিক্ত উপ-পরিচালক
- ↑ উপজেলা কৃষি কর্মকর্তা
- ↑ কৃষি সম্প্রসারণ কর্মকর্তা

পোস্টিং: কৃষি সম্প্রসারণ অধিদপ্তরে যোগদান করতে হয়। পরবর্তীতে সারা দেশের যে কোনো উপজেলা সম্প্রসারণ কর্মকর্তা হিসেবে পদায়ন করা হয়।

কাজের ক্ষেত্র: উপজেলা পর্যায়ে কৃষির উন্নয়নকল্পে কর্মকর্তাগণ কৃষকদের কৃষি সম্পর্কিত নানা প্রশিক্ষণ দিয়ে থাকেন। এ ছাড়া আধুনিক কৃষিব্যবস্থা সম্পর্কিত জ্ঞান, প্রযুক্তি সহায়তা, মানসম্মত বীজ উৎপাদন থেকে শুরু করে ফসলের নতুন জাত উদ্ভাবন, কৃষিপণ্য উৎপাদনে ভালো বীজ সরবরাহ, শস্যক্ষেত্রে পোকাদমনে কীটনাশক দমনে ব্যবস্থা গ্রহণ, উৎপাদিত ফসলের ন্যায্য দাম প্রাপ্তি নিশ্চিতেও কাজ করে থাকেন কৃষি ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: পদোন্নতি বেশ ভালো অর্থ্যাৎ যথাসময়েই হয়ে থাকে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: কাজের চাপ তেমন নেই বলে ছুটি পাওয়া যায় যথেষ্ঠ। দেশে-বিদেশের প্রশিক্ষণ সুবিধা আছে এবং এ জন্য বাড়তি আর্থিক সুবিধাও পাওয়া যায়।

অসুবিধাসমূহ: সাধারণ গ্রাম, উপজেলা ও জেলা পর্যায়ের প্রান্তিক লোকজনের সঙ্গে মিশে কাজ করতে হয় বলে অনেকে এ ক্যাডারকে একটু কম পছন্দ করে থাকেন।

১১. বিসিএস (জনস্বাস্থ্য ও প্রকৌশল):

জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর স্থানীয় সরকার বিভাগের আওতাধীন একটি গুরুত্বপূর্ণ সংস্থা। নিরাপদ পানি সরবরাহের মাধ্যমে জনস্বাস্থ্য উন্নয়নের দায়িত্ব অর্পন করে ১৯৩৬ সালে প্রতিষ্ঠা করা হয় জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর (ডিপিএইচই)। পরবর্তীতে ১৯৪৫ সালে এর সাথে যুক্ত করা হয় স্যানিটেশন সেবা প্রদানের দায়িত্ব। ১৯৭১ সালে বাংলাদেশের স্বাধীনতা লাভের অব্যহিত পরে সরকার প্রথমেই ধ্বংসপ্রাপ্ত পানি সরবরাহ ও স্যানিটেশন পদ্ধতিগুলোর পুনর্বাসনের গুরুত্বারোপ এবং তৎপরবর্তীতে নতুন অবকাঠামো স্থাপন শুরু করে ডিপিএইচই'র মাধ্যমে। জনস্বাস্থ্য ক্যাডারের কর্মকর্তাগণ স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ের অধীন জনস্বাস্থ্য অধিদপ্তরের কর্মকাণ্ড বাস্তবায়নে নিয়োজিত থাকেন।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করে সর্বোচ্চ প্রধান প্রকৌশলী হতে পারেন জনস্বাস্থ্য ক্যাডারের একজন কর্মকর্তা।

পদসোপান (Hierarchy)

- ↓ প্রধান প্রকৌশলী
- ↑ অতিরিক্ত প্রধান প্রকৌশলী
- ↑ তত্ত্বাবধায়ক প্রকৌশলী
- ↑ নির্বাহী প্রকৌশলী
- ↑ উপবিভাগীয় প্রকৌশলী
- ↑ সহকারী প্রকৌশলী

CamScanner

পোস্টিং: স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে যোগদান করতে হয়। পরবর্তীতে বাংলাদেশের যে কোনো উপজেলা বা জেলা অফিসে পদায়ন করা হয় এ ক্যাডারের কর্মকর্তাদের।

কাজের ক্ষেত্র: ওয়াসার আওতাধীন এলাকা ব্যতীত সমগ্রদেশের নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা নির্মাণ ও ব্যবস্থাপনার দায়িত্ব জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের কর্মকর্তাদের মাধ্যমে পরিচালিত হয়। পল্লী এলাকার বিভিন্ন ধরনের নিরাপদ পানির উৎস (টিউবওয়েল) ও স্যানিটারী ল্যাট্রিন স্থাপনাগুলোর রক্ষণাবেক্ষণ জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের প্রধান দায়িত্ব। তা ছাড়া অত্র অধিদপ্তর পল্লী পানি সরবরাহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণোত্তর রক্ষণাবেক্ষণে ইউনিয়ন পরিষদকে WASTAN কমিটির মাধ্যমে কারিগরি সহায়তা প্রদান,স্বাস্থ্য পরিচর্যা জোরদারকরণ এবং পারিপার্শ্বিক পরিবেশের উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান করে থাকে। দ্রুত নগরায়নের ফলে পৌর পানি সরবরাহ ও স্যানিটেশন চাহিদা উত্তোরোত্তর বৃদ্ধি পাচ্ছে। এ চাহিদা পূরণে অত্র দপ্তর পৌরসভাসমূহের পানি সরবারহ ও স্যানিটেশন অবকাঠামো নির্মাণসহ কারিগরি সহায়তার আওতায় পরিকল্পনা প্রণয়ন ও প্রাতিষ্ঠানিক উন্নয়নে সহায়তা করছে। এছাড়া বন্যা, সাইক্লোন, মহামারি ইত্যাদির কারণে সৃষ্টি জরুরি পরিস্থিরিত নিরাপত্তা পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থা সচল রাখার লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করাসহ সকল কর্মকাণ্ড পরিচালনা করেন জনস্বাস্থ্য ও প্রকৌশল ক্যাডারের কর্মকর্তাগণ।

পদোন্নতি সুবিধা: এ ক্যাডারে জনবল খুবই কম। তাই প্রমোশনের গতি বেশ ভালো।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: চাকরি জীবনের শুরুতেই গাড়ি সুবিধা পাওয়া যায়। কাজের চাপ খুব বেশি নেই। সুতরাং ছুটি পাওয়া যায়।

অসুবিধাসমূহ: সুপেয় পানি সরবরাহ ও স্যানিটেশন ব্যবস্থার উন্নয়ন কার্যক্রম পরিচালনায় অনেক সময় দীর্ঘসূত্রতার কারণে নানা রকম রাজনৈতিক চাপ আসে। এ ছাড়া দীর্ঘদিন ধরে সংস্থাটিতে জনবল সংকট থাকায় প্রশাসনিক কাঠামোতে বর্তমান চরম নাজুকতা বিরাজ করছে। বর্তমানে এখানে শীর্ষ পর্যায় থেকে শুরু করে অনেক পদই শূন্য। এ জন্য কাজে গতি খুবই কম গুরুত্বপূর্ণ এই অধিদপ্তরে।

১২. বিসিএস (রেলওয়ে প্রকৌশল):

রেলপথ মন্ত্রণালয় গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের একটি স্বতন্ত্র মন্ত্রণালয়। এ মন্ত্রণালয়ের কাজ হচ্ছে রেলপথ ও রেলগাড়ির উন্নয়নে পরিকল্পনা গ্রহণ, অবকাঠামো নির্মাণ ও রক্ষনাবেক্ষণ করা। রেলওয়ে প্রকৌশল ক্যাডারগণ মন্ত্রণালয়ের উক্ত কর্মকাণ্ডগুলো পরিচালনা করে থাকেন। মূলত তড়িৎ সিভিল ও যান্ত্রিক প্রকৌশলীরা এ ক্যাডারে কাজের সুযোগ পান।

অ্যান্ট্রিপদ ও শীর্ষপদ: সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক থেকে সর্বোচ্চ মহাপরিচালক পর্যন্ত হওয়া যায় রেলওয়ে প্রকৌশল ক্যাডারের কর্মকর্তা হিসেবে যোগদান করে।

পদসোপান (Hierarchy)

মহাপরিচালক
↑
অতিরিক্ত মহাপরিচালক
↑
প্রধান সরঞ্জাম নিয়ন্ত্রক
↑
জেলা সরঞ্জাম নিয়ন্ত্রক প্রকৌশলী
↑
সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক

পোস্টিং: রেল মন্ত্রণালয়ের সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক হিসেবে যোগদান করতে হয়। পরবর্তীতে বাংলাদেশ রেলওয়ের বিভিন্ন অঞ্চল ও ডিভিশনে পদায়ন করা হয়।

কাজের ক্ষেত্র: রেলওয়ে প্রকৌশল ক্যাডারের একজন সহকারী যন্ত্র প্রকৌশলী ওয়ার্কশপ ও লোকোশেডে ইঞ্জিন ও কোচের যে কোনো যান্ত্রিক ত্রুটির তদারকি করেন। একজন সহকারী নির্বাহী প্রকৌশলী তাঁর ওপর অর্পিত অঞ্চলের রেলপথের রক্ষণাবেক্ষণের দায়িত্বে থাকেন। আবার সহকারী সরঞ্জাম নিয়ন্ত্রক রেলওয়ে ওয়ার্কশপ এবং রেলওয়ের বিভিন্ন প্রকল্পে প্রয়োজনীয় সরঞ্জাম সরবরাহ করেন ও সরঞ্জাম দেখভালের দায়িত্বে থাকেন। এ ছাড়া বৈদ্যুতিক প্রকৌশলী এবং সংকেত টেলিযোগাযোগ প্রকৌশলী রেলওয়ে ওয়ার্কশপ কিংবা আউটলাইনে বিভাগীয় দায়িত্ব পালন করে থাকেন।

পদোন্নতি সুবিধা: পদোন্নতিসুবিধা বেশ ভালো। অর্থ্যাৎ যথাসময়ে হয়ে থাকে।

অন্যান্য সুযোগ-সুবিধাসমূহ: রেলওয়ে ইঞ্জিনিয়ারিং ক্যাডারগণ রেলওয়ে প্রকৌশল শাখা থেকে পদোন্নতি পেয়ে রেল প্রশাসনের আরো উচ্চতর পদে পদোন্নতি পেতে পারেন। একজন বিসিএস রেল ক্যাডার ক্যারিয়ারের শীর্ষে বাংলাদেশ রেলওয়ের মহাপরিচালক হবার সুযোগ পান। এছাড়া রেলওয়ে ইঞ্জিনিয়ারিং ক্যাডারগণ রেলওয়ের বিভিন্ন প্রকল্পের ব্যবস্থাপক, প্রকল্প পরিচালক হিসেবে দায়িত্ব পালন করেন।

অসুবিধাসমূহ: উল্লেখযোগ্য অসুবিধা নেই।

অন্যত্র পদায়ণ সুবিধা: রেলওয়ে ক্যাডারগণ মন্ত্রণালয়ের যুগ্ম-সচিব, অতিরিক্ত সচিব এমনকি সচিবও হওয়ার সুযোগ পান।

"স্বপ্ন পুরণের প্রত্যয়".... স্বপ্ন প্রকাশন

****সমাপ্ত****

CamScanner